স্থথের বারিধি শ্রীগোবিন্দদেবমূর্তি। এইমত ধ্যান করে হৈয়া একমতি॥ ৪৯॥ তবে সুধী মূলমন্ত্র জপে দশবার। কামগায়ত্রীতে অর্ঘ্য সমর্পিয়া আর॥ জলেতেই পঞ্চ উপচারে পূজা করে। সাধক যে জন অতি আনন্দ অন্তরে॥ জলে ধেনুমুদ্রা দেখাইয়া ইষ্টমন্ত্র। দশবার জপে কামগায়ল্রী-বিহিত ॥ শ্রীকৃষ্ণচরণামুজে পঞ্চাঞ্জলি জল। মূলমন্ত্রে সমর্পণ করায়ে সত্বর॥ আননেতে শ্রীচরণামৃত করি' পান। শ্রীকৃষ্ণে ও তীর্থে পুনঃ করিয়া প্রণাম ॥ ন্তব পাঠ করিতে করিতে গৃহে যায়। শ্রীমৃতিদেবনোৎস্থক আনন্দ হিয়ার॥ গৃহে আসি' হস্তপাদ করি' প্রকালন। স্থাসনে বৈসে পূর্বেক করিয়া বদন ॥ শ্রীগুরুশাসনবিধি তিলকধারণ। শ্রীপদ্মপুরাণে আছে প্রমাণ-বচন ৪ নাসিকার মূল হইতে ললাট-পর্যান্ত। হর্ষ হৈয়া মৃত্তিকাতে করে তিলকিত।। নাসিকার তিন ভাগ কহি নাসামূল। ক্রমল হইতে মধ্যছিদ্র স্থবিরল॥ ৫০॥ এবে কহি শ্রীহরিমন্দির-লক্ষণ। নাসাদি কেশান্ত উদ্ধাপুত্ত সুশোভন।।

यशुर्तिए ছिज मग युक्त (यह इय । তা'র নাম 'শ্রীহরিমন্দির' শাস্ত্রে কয়॥ বামপার্শ্বে স্থিত ব্রহ্মা, দক্ষে ত্রিলোচন। মধ্যে বিষ্ণু জানি' মধ্য না করে লেপন ॥ তিলকরচনাঙ্গুলি-নিয়ম-বচন। স্থৃতিমধ্যে স্থ্রপদিদ্ধ তাহার লক্ষণ॥ অনামিকা কামদা, মধ্যমা আয়ুষ্করী। व्यक्षं शृष्टिन, वर्জनी भाक्रमाधाकती॥ ললাটে, ভুজেতে, কণ্ঠকূপে, বক্ষঃস্থলে। তিলকমন্ত্রেতে পঞ্চ তিলক যে করে॥ যথোচিত অশুত্র মৃত্তিকামাত্র চিহ্ন। সপ্তস্থানে উদ্ধপুত্ত তিলকরচন ॥ দাদশ অঙ্গেতে তিলক নির্মাণ-স্থরিধি। পান্মোত্তরথতে আছে বচন প্রসিদ্ধি॥ ললাটে কেশব, নারায়ণ তথোদরে। বক্ষঃস্থলে মাধব, গোবিন্দ কণ্ঠমূলে॥ বিষ্ণু দক্ষকক্ষে, ভুজে শ্রীমধুস্থদন। পক্ষিণ-কন্ধরে তথা হয় ত্রিবিক্রম॥ বামপার্শ্বে বামন, শ্রীধর বামভুজে। বাম-কন্ধরেতে হ্রষীকেশ স্থবিরাজে॥ পৃষ্ঠে পদ্মনাভ, কটিস্থানে দামোদর। ধৌতজল বাস্থদেব মস্তক-উপর॥ छक्षेत्रुख ननारिं छ अथम तहन। লল। টাদিক্রমে তিলক করিবে ধারণ॥

'কেশবায় নমঃ' ইত্যাদিক মন্ত্র স্মরি'। প্রতি অঙ্গে পূর্বা-উক্ত তিলক যে করি॥ তবে ত ললাটে কণ্ঠে ভুজে বক্ষঃস্থলে। এই পঞ্চ্ছানে নামমুদ্রান্ধিত ধরে॥ শ্রীব্রজসামগ্রী আর নির্ম্মান্য পাইয়া। চরণামৃত পান করে মন্ত্র উচ্চারিয়া॥ অকালমৃত্যুহারি সর্বব্যাধিনিবারণ। বিষ্ণুপাদোদক সৰ্ব্বপাতক-নাশন ॥ পাদতীর্থ পান করি' মস্তকেতে ধরি। শীকৃষ্ণচরণাযুজ হৃদয়েতে স্মরি॥ শ্রীকৃষ্ণ-প্রবোধ লাগি' প্রাঙ্গণে যাইয়া। শ্রীগুরুচরণে নতি করে নম্র হৈয়া॥ नत्या नमः औछक्रान्य मर्विमिक्तिपारी। সর্কমঙ্গলরূপ সর্ক-আনন্দবিধায়ী॥ তবে ত শ্রীগুরুপদে করে নিবেদন। অতি দীন হঞা কহে কাতরবচন।। "শ্রীগুরু পর্মানন প্রেমাননফল- 🖟 দাতা ব্রজানন্দ সেবানন্দযুক্ত কর॥" ৫১ গ তবে শ্রীমন্দিরদ্বারে যাইয়া ত্রতি। শ্রীকৃষ্ণ-প্রবোধ-বাক্য পড়ে আনন্দিত॥ শ্রীপাদ্ধে যামলে বথা আছয়ে বচন। "রূখর <u>শ্রী</u>হরে রুম্ম দেবকীনন্দন ॥ প্রভু জগন্নাথ, আসি হৈল প্রাত:কাল । সুথনিদ্রা ত্যাগ কর, কুপাপারাবার॥

গো-গোপ-গোকুলানৰ যশোদানৰ্দন। শ্রীনন্দনন্দন প্রেমানন্দবিবর্দ্ধন ॥ শ্রীরাধিকাসহ উঠ, জগতের পতি। প্রাত:কান হৈন, নিদ্রা তাজহ সম্প্রতি॥" এ পড়িয়া নিজহত্তে তালিকা বাজাঞা। यन्द्रीताननभूर्वक बात छन्वादिया ॥ দীপ জালি' সিংহাসন-নিকটেতে গিয়া। শ্রীচরণ আগে স্পর্শে প্রযত্ন করিয়া।। শ্রীযুগলমূর্ত্তি শ্ব্যা হৈতে উঠাইয়া। সিংহাসনোপরি বৈসায় আনন্দিত হৈয়া॥ ভাগবতশ্লোক আগে উচ্চারণ করি'। প্রার্থনা করয়ে শিরে নিজকর ধরি'॥ "দেই এই ভগবান্ প্রমকরুণ। জয় জয় সদানন্দ পুরুষপুরাণ॥ উঠিয়া নয়নামুজ করিয়া প্রকাশ। প্রেম-কটাক্ষেতে বিশ্ব করহ উল্লাস ॥ মধু হৈতে মিষ্টতর বচন রসাল। ভাতে সব হঃথ দূর করহ সভার॥ জয় দেব ঐকেশব প্রপন্নার্তিহর। অতি স্থমধুর রূপা মোর প্রতি কর॥ কুপাবলোকনদানে হে প্রভু অচ্যত। মোর তমু স্থপবিত্র করহ ছরিত।।" ৫২॥ এই মতে নিবেদন করি' হর্ষমনে। আচমন-অর্থে পাত্র আনে সন্নিধানে॥

প্রকালনপাত্রে জলে আচমন দিয়া মূলমন্তে দন্তধাবন-কাষ্ঠ সমর্পিয়া॥ পুন: আচমন দিয়া আর্দ্র স্ক্রেবাসে। শ্রীমুখ-কর-চরণ মোছে অতি হর্ষে॥ নির্মাল্য উতারি' হস্ত-প্রকালন করি'। শ্রীচরণে সমর্পিয়া তুলসীমঞ্জরী॥ 🤢 मृनमस्य युज्यकं नष्डं कानिश्व। সুবাসিত জল আর করে নিবে**দন**॥" বাহিরে আসিয়া তবে আসনে বসিয়া। ধ্যান করে প্রেমানন্দসাগরে ডুবিয়া॥ মুহুর্ত্তেক পাছে দার করি' উদঘাটন। আচমন দিয়া তামূল করে সমর্পণ।। श्रीयांमरल नीतांजनविधि यथांकम। অল্লাক্ষরে তাহা কিছু করিয়ে বর্ণন।। নবাঙ্গুল সপ্তাঙ্গুল মানে দীর্ঘ করি'। তূলবর্ত্তি শশি-গবাঘ্বতে সিক্তাচরি'॥ পঞ্চবর্তি জালি' কামবীজ জপে সুধী। তুই কর তর্জনী অঙ্গুষ্গুগ্রবিধি॥ ব্যুৎক্রমে ক্ষেপণ ভ্রমণ আরতি-উপরে। করি' মূদ্রা দেখাইয়া শঙ্খোদক ধরে ॥ মূলমন্ত্রসহ বর্ত্তি করি' নিবেদন। গায়ত্রী জপি' পুষ্পাঞ্জলি করয়ে অর্পণ॥ মূলমন্ত্রে ঘণ্টাবাত করিয়া সত্তর। তবে নীরাজন করে আনন্দ-অন্তর ॥

চরণারবিন্দ হৈতে মস্তক-পর্যান্ত। পুনঃ পুনঃ আরতিকে ভ্রমায় যেমত ॥ চারিবার শ্রীচরণকমলযুগলে। তুইবার ফিরায় শ্রীনাভি-পদ্মোপরে # ম্থপদ্মে একবার করিয়া আরতি। সর্ব্ব-অঙ্গে সপ্তবার করে শুদ্ধমতি। এই মত শ্রীক্ষের করি' নীরাজন। তবে ত শ্রীরাধিকার করি নির্শ্বঞ্ছন॥ जुनमी, गंक्फ, शृशी, देव खव करमा । আরতি করয়ে বিধিমতে আনন্দেতে॥ পুন: মূলমন্ত্র জপ করি' অষ্টবার। কুষ্ণ-অঙ্গে ফিরায় সজল শঙ্খ আর ॥ **म् जन ग**रूए पिश्रा देवस्थ्व-छेशस्त । ক্ষেপণ করিয়া তবে প্রণাম সে করে॥ শ্রীমন্দিরের লেপন মার্জ্জনাদি করি'। স্নান-পূজা-ভাজনাদি মার্জন আচরি'॥ ধৌতাদি করি' নৈবেগ্ন জলাদি সংস্কৃত। করিয়া সে গন্ধপুপাদিক সমাহত॥ তবে পুষ্প উঠাইতে করয়ে গমন। এই ত নিশান্তক্ত্য করিল বর্ণন। শ্রীগুরুচরণাশ্রিত দীন কৃষ্ণদাস। সাধনামৃতচন্দ্রিকা করিল প্রকাশ॥ ৫৩॥ ইতি শ্রীসাধনামৃতচন্দ্রিকায়াং প্রথমঃ প্রকাশঃ॥ ১॥

[দিভীয়ঃ প্রকাশঃ]

প্রাতঃকৃত্য

अम्र अम्र खक्राप्त- हत्र नक्मन। বাঁহার স্মরণে নাশে সব অমঙ্গল ॥ जब जब जो ति नमन । জয় নিত্যানন্দতমু অদৈতজীবন ॥ জয় গদাধর-প্রাণনাথ বিশ্বস্তর। জয় শ্রীবাসাদি-ভক্তগণের ঈশ্বর।। জন্ন জন্ন মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈত্র । কলিঘুগ-পাবনাবতার ধন্য ধন্য।। ভক্তগণ-সঙ্গে তোমার নদীয়াবিহার। নিরম্ভর হৃদয়েতে শুরুক আমার॥ জর জর শ্রীকৃষ্ণচৈতন্ত, নিত্যানন। জয়াদৈতচন্দ্র, জয় গৌরভক্তবৃন্দ।। জয় জয় শ্রীরাধাগোবিন্দ, গোপীনাথ। জন্ন রাধামদনমোহন প্রাণনাথ॥ জন্ম বৃন্দাবন-মুরতক্তল-স্থিতি। কোটি কোটি মনমথ-মথন-মূরতি॥ জয় জয় ভক্তবৃন্দ রূপা কর মোরে। শ্রীচরণামুজরজঃ দেহ মোর শিরে॥ দত্তে তৃণ ধরি' মুক্রি করেঁ। নিবেদন। রাধাকৃষ্ণলীলামূতে ডুবুক মোর মন॥

এবে প্রাতঃকাল ছয়দণ্ডের সাধন। তাহা অল্লাক্ষরে কিছু করি বিবরণ॥ প্রথমে সাধক করে তুলসীচয়ন। তাহার প্রমাণ স্বন্ধুরাণবচন॥ "তুলসি ! অমৃতজনা সদা হও তুমি। কেশবার্থে চয়ন করিব তবে আমি॥ সদা তুমি শ্রীকেশবপ্রিয়া স্থশোভনে। মোর প্রতি বরদাতা হও অবুক্ষণে॥ তবাঙ্গসম্ভব-পত্রে পুজিব শ্রীহরি। যথা পবিত্রাঙ্গী তথা কর রূপা করি'॥ কলিমলবিনাশিনি। তোমার চরণে। দওবৎ করেঁ। মুক্রি কায়বাক্য-মনে॥" এই মত তুলসীমঞ্জরী উঠাইয়া। চন্দন ঘর্ষণ করে আনন্দিত হৈয়া॥ ১॥ এবে পূজাবিধিক্রম করিয়ে লিখন। শ্রীযামলে আছে যথাবিধি অন্তক্রম॥ শ্রীবৈষ্ণব শ্রীক্লফের পূজার নিমিত্তে। পূৰ্ব্বমূথে কুশাসনে বৈসে শুদ্ধচিতে॥ বসিয়া শ্রীগুরুদেব-চরণকমলে। নতিস্তুতি করি' নিজ ইষ্টমন্ত্র শ্বরে॥ বাগ্যত একাগ্রমনাঃ সম্প্রদা(য়া)মুসারে। শঙ্খাদি পূজার দ্রব্য ধরে শুদ্ধস্থলে॥ শ্রীকৃষ্ণের দক্ষিণাগ্রে সানামু সংস্কৃত। সান-আচমন-পাত্র রাথে নিকটেত।।

নিজ বামাগ্রেতে শঙ্খ সাধার স্থাপয়ে। সে স্থানে সাধার ঘণ্টা স্থাপন করয়ে॥ নিজ বামদিকে নৈবেগ্রপূপাদি রাথয়। তুলসী-পুষ্প।দিপাত্র দক্ষিণে ধরয়॥ সেই স্থানে মৃতদীপ, তৈলদীপ বামে। অন্ত পূজাদ্রব্য রাথে নিজ দৃষ্টি-স্থানে॥ इस-श्रकानन-भाव तात्य भृष्ठिता । তবে শ্রীশজ্ঞাস্থাপন করয়ে হরিষে॥ < ॥ প্রথমেত নিজ্বাম-অগ্রে ধর্ণীতে। জলেতে ত্রিকোণমণ্ডল লিখিয়া তুরিতে # "ওঁ নমঃ স্থদর্শনায়াস্তায় ফট্" কলি' ৮ এ মন্ত্রে সাধক শভা স্থাপে তত্তপরি ॥ "उँ क्रमग्रात्र नमः" এ मञ्ज উচ্চারि'। শঙ্খনধ্যে গরূপুষ্পতুলস্থাদি ধরি'॥ "ওঁ সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে। नगः" এই मञ्ज পूनः कति' উচ্চারণে শঙ্খমধো জল পরিপূর্ণ যে করিয়া। গঙ্গাযমুনাদি-তীর্থ-মন্ত্র যে পড়িয়া॥ প্রীঅঙ্কুশমুদ্রা করে অতি হর্ষমন। সব তীর্থ শঙ্কামধ্যে করে আবাহন॥ কামবীজে তুলসীপত্র তাতে ধরে পুনঃ। এক প্রমনেতে স্মরে শ্রীকৃষ্ণচরণ॥ কামগায়লীতে সাধার শঙ্খ যে পূজিয়া । তবে ধেমুদুর্ভা তার উপরে দেখাঞা ॥

তবে অবগুণ্ঠন-মুদ্রাতে মূলমন্ত্র। অষ্টবার জপ করে হৈয়া একচিত॥ তারপর তুলসীপত্রেতে জল ধ'রে। স্নানপূজাপাত্রাদিতে সেচন সে করে॥ ৩॥ অতঃপর ঘণ্টা পুনঃ করয়ে স্থাপন। বিধিমত ঘণ্টামন্ত্র করে উচ্চারণ॥ मर्कवाणमंत्री घन्द्र। क्रस्थत वहार । তাতে যত্নে ঘণ্টানাদ করে মনোলোভা। শ্রীনারদপঞ্চরাত্রে আছয়ে বচন। আবাহন, অর্ঘ্য, স্নান, ধূপদীপে পুনঃ॥ গন্ধপুষ্প-নৈবেছাদি সমর্পণকালে। তন্মন্ত্রে মন্ত্রিত ঘণ্টা বাদন সে করে॥ তবে বামদিকে ঘণ্টা আধার-উপরি। শ্রীকামবীজেতে ঘণ্টা সংস্থাপন করি॥ তৎপরে "ওঁ জয়ধ্বনি মন্ত্রমাতঃ স্বাহা।" মন্ত্র উচ্চারি' পূজি গন্ধপুষ্পে তাহা॥ তবে পুনः বামহস্তে ঘণ্টাবাছ করে। त्म नाम खेवरण मर्क व्ययक्रम रुरत ॥ ४ ॥ একাদশস্বন্ধে পূজা-অধিষ্ঠান-স্থান। যে মূর্ত্তিতে যথাবিধি পূজার বিধান॥ लिनी, नांक्म्यी, थांजूम्यी (व रिमक्जी। लिপ्रा, लिथ्रा, मत्नामश्री, मिन्मश्री मृर्डि॥ শ্রীপ্রতিমামূর্ত্তি অষ্টবিধ মত হয়। সে মূর্ত্তি সে সেবে যাতে যার মন লয়॥

প্রতিমানুসারে স্নানাদিক যুক্ত যথা। তেমত সাধক কার্য্য করিবেক তথা।। মৎশ্রপুরাণেতে আছে শ্রীমৃত্তি-বর্ণন। যেমত আছয়ে তাহা করিয়ে বর্ণন। শ্রীকৃষ্ণের সেবানিষ্ঠ বৈষ্ণব প্রবল। পঞ্চরাত্রবিধি-বিধানেতে স্বকুশন॥ অথিলাঙ্গ প্রকটন হয় যে শ্রীমূর্তি। বহুত মানয়ে তাঁ'রা পূজে করি' আতি॥ निज रेष्टेरिनवपृर्छि निज रेष्टेमस्त । পূজন করিবে যথাবিধি একচিত্তে॥ শালগ্রামে একরূপে নিয়ম না হয়। যার যেন অভিকৃচি সেবন কর্য়॥ প্রথমে শ্রীগুরুদেব-চরণকমলে। পূর্ব্ববৎ নতিস্তুতি নিবেদন করে॥ নিজাভীষ্ট মন্ত্র জপ করি' দশবারে। শ্রীক্লফের স্নান-অর্থে নতিস্ততি করে॥ শ্রীচরণকমলের ধৌত তীর্থজল। তোমার যে ভক্তপদ ধৌত নিরমল।। তাহাতে অখিল বিশ্ব পবিত্র করহ। সে তুমি আনন্দে মগ্ন শ্রীরাধিকা-সহ॥ শ্রীগোবিন্দ ভক্তগণ-বাঞ্ছাভিপূরক। শ্রীকরুণামুধি স্নান কর স্নেহাধিক॥ ৫॥ তবে ত শ্রীমূর্ত্তি স্নানপাত্রের উপরি। শ্রীতুলসীপত্রাসনে সংস্থাপন করি॥

তাঁহার চরণামুজে শ্রীতুলসীদল। সমর্পণ করি কিঞ্চিৎ তবে শঙা জল॥ বন্টাবাত পূৰ্বক জপিয়া মূলান্ত্র। তবে শঙ্খজলে স্নান করায় ত্বরিত॥ স্নান-পূর্বের গন্ধ তৈল করিয়া মর্দ্দন। যথাবিধি সর্ব্ব অঙ্গ করে সম্মার্জন ॥ পুনঃ স্নান করাইয়া শ্রীঅঙ্গের জল। স্থা শুভ্রবম্মে তাহা মুছিয়া সকল॥ তবে শুষ্কবস্ত্র পরিধান করাইয়া। অন্তাসনে সংস্থাপন করে শীঘ্র লৈয়া॥ সম্প্রদায়ানুসারে তিলক করিয়া রচন। সর্ব্ব অঙ্গে অলঙ্কার করিয়া ভূষণ॥ গন্ধ-পুষ্পমাল্যাদিক সমর্পণ করি'। শ্রীচরণে সমর্পয়ে তুলসীমঞ্জরী। গুগ গুলের ধূপ দিয়া মিষ্টানাদি ধরে। তবে ঝারি ভরি' ধরে স্থবাসিত জলে॥ मृनमख ममर्भन कति श्रेमता। বাহির হইয়া তবে বৈসয়ে আসনে।। পূর্ব্বমুথে বসিয়া মানস-উপচারে। সেবা করি' তালিবাতে দার মুক্ত করে॥ আচমন দিয়া তবে তামূল অর্পয়ে। পুনঃ ধূপ দিয়া শীঘ্র আরতি করয়ে॥ ৬॥ তবে পাছে প্রাতলীলা করয়ে স্মরণ। প্রথমে ত গৌরচন্দ্রের করিয়ে বর্ণন॥

নবদ্বীপে সাধক উঠিয়া প্রাতঃকালে। শীঘ্র যাঞা স্থরধুনী-নীরে স্নান করে॥ তীরে উঠি' শুষ্কবস্ত্র পরিয়া সত্তর। গুহে যাই' তিলকাদি করে মনোহর॥ তবে শ্রীগুরুচরণে করি' নমস্বার। আচমন-স্নানাদিক করায় তাঁহার॥ এইমত গুরুবর্গ-গোস্বামী পর্যান্ত। সবাকার সেবা করে হঞা আনন্দিত॥ তাঁ'সবাঁর পাছে মহাপ্রভুর মন্দিরে। শীঘ্র যার সেবাস্থতরল-অন্তরে॥ দন্তধাবন-স্থলে চৌকি বিছাইয়া। परकाष्ट्रीषिक तारथ स्वयं कतिया ॥ তবে শৃঙ্গার-বেদীতে বিছাঞা আসন। তাহার উপরে স্থাপে স্বর্ণসিংহাসন॥ **চन्দন-क**र्भृतरक मत-क खती चिष्ता। অলঙ্কার-মাল্যাদিক রাথে তাহা লৈয়া॥ তব্ মহাপ্রভুর পুরে করয়ে গমন। (তথা) আইদেন ভক্তবৃন্দ উৎকৃষ্ঠিত মন॥ রতন-মন্দিরে রতুপালক্ষ-উপরে। স্থমূত্ৰ তূলীশয়া তা'তে শোভা করে ॥ কুসুম-শ্যাতে প্রভু শচীর নন্দন। শুতিয়া আছেন, শোভা না হয় বর্ণন॥ উপরে চাঁদোরা মূক্তা-ঝালর সহিতে। মধ্যেতে কমল তা'র শোভা অদভূতে॥

ক্ষীরসরোবরে যেন কনক-কমল। তেমন শ্যাতি অঙ্গ করে ঝলমল॥ হেনকালে শচীমাতা আনন্দিত মন। পুত্রে জাগাইতে চলে ঝরয়ে নয়ন॥ ডাকিতে ডাকিতে গৃহে করিল গমন। উঠ বাপ বিশ্বস্তর কমলনয়ন॥ প্রাতঃকাল হৈল নিমাই! শীঘ্র উঠসিয়া। মুঞি মরে। তাত! তোমার বালাই লইয়া॥ শ্রীবাসাদি ভক্ত তোমার উৎকণ্ঠিত হৈয়া। তোমাকে দেখিতে প্রাঙ্গণে আছে দাণ্ডাইয়া॥ জননীর সেহবাণী শুনি' গৌরচন্দ্র। উঠি' করে কচালয়ে নগ্নারবিন ॥ জননীচরণে তবে করি' নমস্বার। ভক্তগণসঙ্গে মিলে কুপাপারাবার॥ যথাযোগ্য সবাসঙ্গে করিয়া মিলন। কহিতে স্বপ্নের কথা ঝরে তুনয়ন॥ কদমকেশর জিনি' পুলক শ্রীঅঙ্গে। গদগদ বাণী কহে পূর্বভাবরঙ্গে॥ ভাব জানি' ভক্তগণ মন্দ মন্দ স্বরে। পূর্ব্বরসলীলা গার আনন্দের ভরে॥ গান শুনি' কথোক্ষণে ভাব সম্বরিয়া। **দ**खधावन-शिर्फ देवरमन गांहें शा দন্তধাবনাদি প্রাতঃকৃত্য সব করি'। গঙ্গাস্থান করিবারে চলে গৌরহরি ॥

প্রিয় দাসগণ তৈল-কুরুম-বসন। গঙ্গাপূজাদ্রব্য লঞা করয়ে গমন॥ ভক্তগণসঙ্গে প্রভু কৃষ্ণকথারঙ্গে। গঙ্গাতট প্রাপ্ত হৈলা আনন্দতরঙ্গে।। গঙ্গা নমস্করি' তবে প্রবেশিলা জলে। নিত্যানন্দাদৈত-গদাধর-সহচরে॥ তাঁ' সবার সহিতে নানা ক্রীড়া করি' জলে। তীরে উঠি' শুষ্কবস্ত্র পরিধান করে॥ গঙ্গাপূজা-নতিস্তুতি করি' গৌরচন্দ্র। গণসহ গৃহে চলে আনন্দের কন্দ।। শৃঙ্গার-বেদীতে প্রভু প্রবেশ করিতে। পাদাযুজ ধুইয়া ভক্ত মুছে আনন্দেতে॥ শৃঙ্গার-চৌকীতে তবে বৈসে শচীস্থত। রক্তপট্টাম্বর দাস পরায় ত্রিত॥ শ্রীথণ্ডের উদ্ধপুণ্ড তিলক ললাটে। কেশর-চন্দন লেপে ভুজ-বক্ষতটে॥ কুণ্ডল-অঙ্গদ-বালা নানা রত্ন-হার। কিন্ধিণী নূপুর আর নানা অলম্বার॥ পরাইয়া, দাসগণ স্থগন্ধি কুস্থম-। মালা গলে দিয়া তবে দেখায় দর্পণ॥ বিষ্ণুগৃহে তবে প্রভু করিয়া গমন। ষোড়শোপচারে পূজা করি' বিলক্ষণ॥ जूनमीरत जन मिया निज्जि कति'। মাতৃমেহে মিষ্টান্নাদি ভোজন আচরি'॥

আচমন করি' তামূলবীটি দিয়া মুখে। ভক্তসঙ্গে আসনেতে বৈসে মহাস্থথে ॥ কতক্ষণ ক্লম্ভকথা করে আলাপন। সে কালে ঈশান আসি' করে নিবেদন॥ "শুন প্রভু! শচীমাতা ভোজন করিতে। ডাকিছেন, ভক্তসঙ্গে চলহ ত্বরিতে॥" শুনি' প্রভু শীঘ্র উঠি' ভক্তগণ-সঙ্গে। নারায়ণ-আরতি দেখিয়া অতি রঙ্গে॥ ভোজন-গৃহেতে যাই বসিলা আসনে। निजानमारेषज-शमाधतामिक मत्न॥ শ্রীবিষ্ণুর নৈবেত্য কত প্রেমের তরঙ্গে। ভোজন করিয়া আচমন কৈলা রঙ্গে॥ তামূল শ্রীমুখে দিয়া শ্যার উপরে। যোগনিদ্রা প্রতি তবে দৃষ্টিপাত করে॥ সে সময়ে দাসগণ চামর-ব্যজন। নানামত সেবা করে পাদসম্বাহন॥ তবে শ্রীভোজন-গৃহ ধৌতাদি করিয়া। ্ যত্নে শ্রীপ্রসাদ রাখে অন্য গৃহে লৈয়া॥ গৌরাঙ্গের এই প্রাতঃকালের চরিত। সাধক যে জন ইহা ভাবে আনন্দিত॥

গৌরাঙ্গের প্রাতর্লীলা স্মরণ করিয়া। শ্রীক্লঞ্চের প্রাতর্লীলা স্মরে মন দিয়া॥

প্রাতঃকালে শ্রীয়শোদা শ্রীকুষ্ণমন্দিরে। বাইরা ডাকরে 'রুষ্ণ ! উঠহ সত্তরে'॥ তবে ক্লফচন্দ্র উঠে পাশমোড়া দিয়া। জননীচরণে নতি করে নম্র হৈয়।॥ দন্তধাবনাদি করি' স্থাগণ-সঙ্গে। মাতানুমোদিত গোশালাতে যায় রঙ্গে।। 'श्वल ! शामि !' विन' छात्क घत्न पन । স্থাসঙ্গে গাভীত্তম করয়ে দোহন॥ এথা শ্রীরাধিকা নিজ শরন-মন্দিরে। শ্রীমুখরা, স্থীগণ জাগায় তাঁহারে ॥ তাঁ' সবার বচনে শ্যা হইতে উঠিয়া। দন্তধাবনাদি করে আনন্দিত হৈয়া॥ অভ্যঙ্গোদ্বর্ত্তন করি' স্নানের বেদীতে। চৌকীতে বসিয়া স্নান করে স্থাসাথে 1 ভূষাগৃহে তবে ধনী করয়ে গমন। সেখানেতে সখীগণ করয়ে সেবন ॥ नानात्रपु-अनकात भताय भी अरम চতুঃসম লেপন করয়ে অতি রঙ্গে॥ **मिक्न विकास क्रिक्न क्रिक्न क्रिक्न** তাহার শাশুড়ী-আগে করি' নিবেদন ॥ রন্ধন করিতে তাঁরে স্থীগণ সনে। প্রতিদিন স্বভবনে স্নেহ্ করি' আনে ॥ একথা গুনিয়া শ্রীনারদ মুনিবর। বুন্দাদেবী প্রতি তবে করয়ে উত্তর॥

শুন দেবি ! শ্রীযশোদা পাকের নিমিতে। রাধিকাকে কেন ডাকে অতি যতনেতে? রোহিণী প্রভৃতি বহু পাককর্ত্রী আছে। ইহাতে আমার মনে সন্দেই যে আছে॥ তবে বৃন্দাদেবী কহে—শুন মুনিবর! গুহু হৈতে গুহুকথা অতি গূঢ়তর॥ পূর্ব্বেতে তাঁহাকে শ্রীত্ব্বাসা মুনিবর। অতিশয় হর্ষমনে দিয়াছেন বর॥ কাত্যায়না (পৌর্ণমাসী) মুখ হৈতে শুনিরাছি আমি। এবে তাহা সংক্ষেপেতে শুন মুনি তুমি॥ "হে রাধিকে! তুমি যাহা করিবে রন্ধন। আমার রূপাতে মিষ্ট হবে সেই অন্ন॥ স্বস্বাত্র অমৃতস্পর্দ্ধি যে তাহা থাইবে। নীরোগী থাকিবে সদা আয়ুবুদ্ধি হবে॥" ইহার নিমিত্ত তাঁকে শ্রীপুত্রবৎসলা। প্রতিদিন ডাকে শ্রীযশোদা বেয়াকুলা ॥ মোর পুত্রের পরমায়ু হউক অক্ষয়। স্বাত্নলোভে খাউক অন্নব্যঞ্জননিচয়॥ শাশুড়ীর অমুমতি লৈয়া প্রতিদিন। শ্রীরাধিকা নন্দালয়ে করয়ে গমন॥ र्ययुक्ता निजमशीना लिया महन । নানাবিধ পাক করে স্নেহের তর্ঙ্গে॥ ক্লফচন্দ্র কোন গাভী করয়ে দোহন। কোন ধেনুগণ যত্নে দোহে স্থাগণ॥

পিতৃবাক্যে স্থাগণ সঙ্গেতে লইয়া। নিজগৃহ প্রতি আইসে আনন্দিত হৈয়া॥ দাসগণ করে অঙ্গ-অভ্যঙ্গমর্দন। মান করি' হর্ষে ধৌতবস্ত্র পরে পুন:॥ Eन्ननकुरुममानायुक्क करनवत्। षिकाल-वन्तन-तकन, श्रीवा मत्नारत ॥ ভালে চারুচন্দ্রাকার তিলকরঞ্জিত। অলকা ভ্রমরমালা তাহে স্থশোভিত॥ কন্ধণাঙ্গদ-কেয়্র, রত্নমুদ্রা আর। তাহাতে শোভিত কর করিকরাকার॥ মুক্তাহার, রত্নহার শোভে বক্ষঃস্থলে। মকরাকৃতি কুণ্ডল ঝলমল করে॥ বারম্বার ডাকে মাতা ভোজন করিতে। স্থা-কর ধরি' কৃষ্ণ বলরাম-সাথে॥ ভোজন গৃহেতে গিয়া বসিল আসনে। ভোজন করয়ে স্থাথ সথাগণসনে ॥ বিবিধ অন্নব্যঞ্জন করয়ে ভোজন। নানাবিধ বাক্যে হাসায় সব স্থাগণ॥ স্থাগণ-বচনেতে আপনি হাস্য। এমত ভোজনলীলা শ্রীকৃষ্ণ কর্য়॥ ভোজন করিয়া করে মুখ প্রকালন। ক্ষণেক পালস্কমাঝে করয়ে শয়ন॥ সেবক যোগায় তামূল আনন্দের ভারে। পাদসম্বাহন-ব্যজনাদি সেবা করে॥

শ্রীরাধিকা নিজস্থীগণ করি' সঙ্গে।
শ্রীকৃষ্ণ-ভোজনানন্দ দেখি কত রঙ্গে॥
যশোদা-মাদৃতা ললিতাদি-স্থীবৃতা।
ভোজন করয়ে অয়াদিক লজ্জাম্বিতা॥
আচমন করি' স্থীগণ সঙ্গে লৈয়া।
পালক্ষে শয়ন করে তামূল থাইয়া॥
পাছে দাসীগণ স্ব করয়ে ভোজন।
সাধক যে প্রাভলীলা করয়ে স্মরণ॥ ৭॥

মানসিক কৈলে হয় বাঞ্চিত পূরণ॥
শ্রীনবদ্বীপ-মধ্যে শ্রীরত্বমন্দিরে।
রত্নসিংহাসন তাতে অতি শোভা করে॥
তত্বপরি নিজভক্তবৃন্দ-স্থসেবিত।
গৌরচন্দ্র-নিত্যানন্দাদ্বৈত-স্থশোভিত॥
শ্রীগুর্বাদিক্রমে একমনে ধ্যান করি'।
পূজা করে প্রেমানন্দসাগরে বিহরি'॥
ধ্যান যথা শ্রীচৈতসার্চ্চনচন্দ্রিকাতে।
অতি মনোহর তাহা লিখি সজ্জেপেতে॥
পতিতপাবনী স্থরধুনী-স্থবেষ্টিত।
প্রফুল্লিত ক্রমবল্লীতটবিরাজিত॥
মন্দ পবনেতে উঠে তরঙ্গ-আবলি।

চতুর্বিধ কমলে ঝঙ্কার করে অলি॥

এবে কহি প্রাত্তকাল পূজাবিধিক্রম।

হংস-চক্রবাক-পক্ষিশ্রেণী ক্রীড়া করে। পুनिनम छनी-मर्था सनमन करत्॥ নানারত্ব-বিনিশ্মিত বিচিত্র সোপান। স্থল-জল-দিজ-শব্দে হরে মনঃপ্রাণ॥ গৌরপাদামুজ-ধূলি-ধূসরিত-অঙ্গ। নানাভাবাবলিযুক্তা শোভে দেবী গঙ্গা॥ তাঁর তীরে স্থন্দর স্থবর্ণভূমি শোভে। স্বপ্রকাশ নবদ্বীপ-মধ্যে মনোলোভে॥ শ্রীকৃষ্ণের স্থমঙ্গল আনন্দের বকা। তাহাতেই ব্যাপ্ত পুর-নগরী সে ধ্যা॥ নানাপুষ্পফলে যুক্ত বৃক্ষলতা সব। নানাবর্ণ বিহঙ্গালি-ধ্বনির বৈভব ॥ তার মধ্যে দিজ-ভব্যলোকের নিকর। নিকেতন-গণারামোপবন বিশুর॥ তার মধ্যে বেদীশালা বিহারের স্থান। যাহার স্মরণে ভক্ত হয় অগেয়ান॥ শুদ্ধভক্তি-প্রভাবেতে বিরাজিত সব। ভক্তগণগৃহে হয় আনন্দ-উৎসব॥ প্রতিগৃহে শ্রীকৃষ্ণের মূর্ত্তি স্বশোভন। উৎসব-আনন্দে সবায় করে উচাটন॥ তার মধ্যে রবিকান্তি নিন্দিয়া প্রাকার। তোরণ-বন্দনমালা ঝলকে রসাল॥ শ্রীনারায়ণ-গৃহ অগ্রে স্থাভন। শ্রীগোরাঙ্গমহাপ্রভুর নর্ত্তন-প্রাঙ্গণ॥

লক্ষী-অন্তঃপুর পাকভোগের আলয়। শরন শীচক্রশালা পুর মণিময়॥ গোরাঙ্গের স্থদ-স্থানন্দ-পরিবৃত। মধ্যে নব-চূড়-রত্মঘট-বিরাজিত॥ হীরাহরিরত্বান্তর-মন্দির বিরাজে। মুক্তাদামলম্বি হেমপটল স্থসাজে॥ শুদ্ধভক্তিরত্রে বিনির্মিত বেদ(চারি)দার। অষ্টমণি-যুক্ত অষ্ট কবাট তাহার॥ চক্রতিপ-মধ্যে পদ্ম কিবা শোভা করে। মুক্তার ঝালর তা'র চৌদিকেতে দোলে॥ পদ্মরাগবিধুরত্বে ভিত্তি স্রশোভন। তা'র মধ্যে মণিচিত্র হেমসিংহাসন॥ মন্ত্রবর্ণ যন্ত্রান্থিত ষ্ট্কোণ-অন্তরে। কর্ণিকার শিথর তুলনা শ্রীকেশরে॥ কুর্মাকারমহিষ্ঠ শ্রীযোগ-মহোৎসবে। শ্রীযোগপীঠামুজে সর্বানন্দোদ্ভবে॥ কোটিস্ধ্য হৈতে সিংহাসন পরকাশ। কোটি কোটি চক্রমার শীতল বিলাস।। ত্ই পার্শ্ব পদ্মরাগমণিতে ঘটিত। হরিনাণি-স্তম্ভ-বৈদ্ধ্যপৃষ্ঠ বিরাজিত॥ চিত্ৰচ্ছাদালম্বি মণিমুক্তাকান্তিজাল। তূলা-অন্তে চীনচেলাসন শোভে ভাল॥ উড় প মৃত্লপ্রান্ত পৃষ্ঠ-উপাধান। স্বৰ্ণান্তচিত্ৰিত ধ্যানগনা অষ্টকোণ ॥

তবে সিংহাসন-মধ্যে গৌরক্ষ স্মরে। দক্ষিণে শ্রীনিত্যানন্দচন্দ্র শোভা করে॥ বামে গদাধরানন শক্তির স্বরূপ। অগ্রে কর্ণিকাতে শ্রীলাদ্বৈত ভক্তিভূপ॥ পাছে ছত্রহস্ত ভক্তবর্ঘা শ্রীশ্রীবাস। চতুর্দিকে মহানন্দ ভক্ত পরকাশ। ৮॥ গৌরভক্তবৃন্দ নিজ নিজগণান্বিতে। স্বরূপরূপাদি মুখ্যগণ হয় যা'তে॥ বামদিকে নিজগণে গুরুদেবস্থিতি। ধ্যান করি' পূজা করে অতি শুদ্ধমতি॥ শ্রীগুরুদেবের ধ্যান যামলেতে যথা। তাহার বিশেষ কিছু লিখিয়ে সর্ব্বথা॥ শুদ্ধস্বর্ণরুচি-ভাবভূষা-কলেবর। সচ্চিদানন্দ করুণামৃত জলধর॥ শশাঙ্ক-অযুত যেন অঙ্গের প্রকাশ। বরাভয়কর শুক্লাম্বর স্থবিলাস॥ দিব্য শুক্লমালা-অমুলেপন-ভূষিত। শিষ্য-অনুগ্রহে নিত্য মুখে মন্দিস্মিত॥ শ্রীকৃষ্ণপ্রেমদেবাদি-দাতা দীনপাল। সর্বানন্দময় বিভু নয়ন বিশাল॥ শ্রীগুরুদেবের রূপ সদা ধ্যান করে। পরমানন্দসাগরে সাধক বিহরে॥ শ্রীগুরুপাদ-নিকটে সেবোৎস্থকমনা। আপনার দিব্যতমু করয়ে ভাবনা॥

শ্রীহরিমন্দিরযুক্ত ললাট শোভিত। কণ্ঠে দিব্যতুলসীর মালা বিরাজিত॥ হরিনাম-বর্ণাঙ্কিত শোভা বক্ষঃস্থল। শ্রীথণ্ডলেপিত শুভ্র সুক্ষনবাম্বর॥ নিতাই বিমল-তমু স্মরে আপনার। সেবানন্দে মগ্ন রহে নাহি জানে আর ॥ > ॥ তবে গুরুপূজাবিধি মানসেতে করে। তার(ওঁকার)যুক্ত চতুর্থ্যস্ত তাঁ'র মন্ত্রবরে॥ পাছ-অর্ঘ্য-দিয়া প্রসাদি চন্দনকুস্থম। ধূপদীপ-নৈবেন্তাদি জল অমুপম॥ অর্পণ করিয়া আচমন করাইয়া। প্রসাদি তামুল অর্পে হর্ষযুক্ত হৈয়া॥ গন্ধমাল্য পরাইয়া তবে পুষ্পাঞ্জলি। অর্পণ করয়ে মনে হই কুতূহলী॥ তবে ত প্রার্থনা করে আনন্দ-অন্তরে। ट् श्री खङ् ज्वनमङ्गन नामवत्त ॥ ঋষিসমূহের ধ্যেয় চরণকমল। শ্রণাগতপালক দয়ার সাগর॥ শ্রীকৃষ্ণচরণপদ্ম-ভজন হর্লভ। যাঁহার কুপাতে হয় অত্যন্ত স্থলভ॥ দীননাথ দয়া কর মুঞি দীন প্রতি। প্রার্থনা করিয়া জপে শ্রীমন্ত্র-গায়ত্রী॥ শ্রীগুরুবর্গের নাম করিয়া স্মরণ। তবে ধ্যান করে গৌরচন্দ্রের চরণ॥ > ॥

মুক্তাদামবদ্ধকেশ মন্দহাস্থানন। শীখণ্ড-অগুরুচর্চ্চা স্থচিত্রবসন ॥ দিব্যমালাভূষাঞ্চিত নৃত্যাবেশরস। অনুমোদ-মধুর-কন্দর্পোজ্জলবেশ। নিজজনসেব্যমান-শ্রীকনকত্যতি। শ্রীকৃষ্ণচৈতন্তরূপ স্মরে একমতি॥ তাঁ'র মন্ত্রে পাতাদিক করি" সমর্পণ। শ্রীমন্ত্র-গায়ন্ত্রী তাঁ'র জপে বিলক্ষণ ॥ ১১ ॥ তবে নিত্যানন্দচন্দ্রের রূপ করে খ্যান । পদ্ম-ইন্দু-নিন্দিপাদ গজগতি-ঠাম॥ इन्मीवत् ध्वीनिनि नीनाष्ट्र गाडा। তমুক্চি সন্ধ্যাইন্দু-বিমর্দি বিরাজে॥ প্রেমে ঘূর্ণ স্থকঞ্জ-খঞ্জন-মদ জিতি'। নেত্র, হাস্থানন শোভে বিশ্বাধরত্যতি॥ ভূষণে ভূষিত অঙ্গ শ্রীল নিত্যানন। প্রভূপাদ সেবিব সতত পরানন্দ। তাঁর মন্ত্রে তাঁহাকে ত পূজন করিয়া 🖟 তবে মন্ত্রাদিক জপৈ হর্ষযুক্ত হৈয়া ॥ ১২ ॥ অদৈতপ্রভু-রূপ তবে ধ্যান করে। যাঁহার স্মরণে সর্ব্ব অমঙ্গল হরে।। সদ্ভক্তালিনিষেবিত চরণকমল। শুদ্ধ-স্বর্ণ-বর্ণ কান্তি কুন্দ শুক্লামর॥ স্থাভ্যুগল, স্মেরানন মনোহর। শ্রীচৈতন্তদৃষ্টি, বরাভয় তুই কর॥

প্রেমাঙ্গ-ভূষণাঞ্চিত প্রভু শ্রীঅদ্বৈত। পরানন্দকন্দ তাঁ'কে চিন্তিব সতত ॥ ১৩ ॥ তাঁ'র পূজা করি' তাঁ'র মন্ত্রাদি জপিয়া। শ্রীল-গদাধররূপ চিত্তে মন দিয়া॥ রূপামকরন্দযুক্ত শ্রীপদাচরণ। চৈতগুচন্দ্রের হ্যতি-সম স্থবরণ॥ তামূল-অর্পণ-ভঙ্গি-শ্রীদক্ষিণকর। সাধুবর প্রেমানন্দতন্ত্র শ্বেতাম্বর॥ স্থাস্থিতম্থ গৌরচক্রে দৃষ্টিধর। মাধুর্যাভূষণোজ্জল চিন্তে গদাধর॥ ১৪॥ মহাপ্রভুর নির্মাল্যেতে পূজা করে তাঁ'র। তবে শ্রীবাসাদি ভক্তে ধ্যান করে আর॥ যাঁ'রা শ্রীচৈতন্তপাদপদ্মের মধুপ। শুদ্ধ প্রেমভূষোজ্জল শুদ্ধ স্বর্ণরূপ॥ নেত্রামুপুলক-স্থেদকম্প-অঙ্গশোভা। সেবা-উপায়ন-পাণি স্মিতমুখলোভা॥ শ্রীবাসাদি মহাশয় স্থথময়গণ। শুক্লাম্বরধারী তাঁ'রে চিন্তে অনুক্ষণ॥ প্রভু-প্রসাদি-দ্রব্যে তাঁ'রে করিয়া পূজন। পূর্ব্বমত আরাত্রিক করে অনুপম॥ ১৫॥ তা'রপর মস্তকেতে অঞ্জলি বান্ধিয়া। শ্রীগুর্বাদি-নমস্কার করে নম্র হৈয়া॥ নমো গুরুপাদামুজাথিনশোভাসন্ম। কোটি নতি করেঁ। গুরুবর্গপাদপদ্ম॥

প্রভু গৌরচক্র বন্দো আর নিত্যানন্দ। বন্দো সীতানাথ-পদ আনন্দের কন্দ।। শক্তিরূপ গদাধর-পদে পরণাম। বন্দো শ্রীবাসাদি-ভক্ত আনন্দের ধাম।। বন্দো সংকীর্ত্তন গঙ্গা আর গৌড়বাসী। দীনে দয়া কর, তোমরা হও রূপারাশি॥ ১৬॥ তবে শ্রীগুরুদেবের অনুজ্ঞা লইয়া। বুন্দাবনাদিক চিত্তে পুলকিত হৈয়া॥ বৃন্দাবনে শ্রীরাধাক্বফের পরিকর-। জনমধ্যে গুরুরূপাস্থী নিরন্তর ॥ তাঁহারে চিন্তিয়া তাঁ'র দাসীরূপা করি'। আপনাকে চিন্তে মন ক'রে মোদভরি ॥ যামলে শ্রীগুরুরপাসথীর প্রার্থনা। করিবে যেমন তাহা লিখিয়ে অধুনা॥ বুষরবিতনয়া-নিকটে গোপীরপা। তুমি হও নিত্যসর্কানন্দ সর্কাধিকা॥ সেবাধিকারিণি গুরো! নিজ শ্রীচরণে। দাশুদান দিয়া মোরে এই ব্রজবনে॥ শ্রীরাধিকাপাদপদ্ম-দেবামৃত দিয়া। হে স্থিনি ! স্থী কর স্থাব্দে ডুবাঞা॥ ১৭॥ এইমত প্রার্থনা করিয়া ধ্যান করে। শ্রীগুরুর স্থীরূপ আনন্দ-অন্তরে॥ কুপামকরন্দপূর্ণা শুদ্ধস্বর্ণকান্তি। ক্ষীণমধ্যা পৃথুশ্রোণি তুঙ্গস্তনী অতি॥

বিধুমুখী স্থকস্তরী-তিলক-শোভিতা। নানারত্ন-আভরণে শ্রীঅঙ্গ ভূষিতা॥ শোণবর্ণ অন্তরীয় চিত্রাম্বরধরা। হরিনাণিচিত্র স্বর্ণচূড়ি-মনোহরা । মৃত্রিতা সীমন্তউপরি চূড়ামণি। <u>जनकां जिन्नृ त्रिन्नू</u> जञ्जन-नयनी ॥ কিশে।রবয়সোজ্জলরম্যা শ্রীগোপিকা। শ্রীরাধিকাপ্রীতি-ভূষা সর্ব্বভাব।ধিকা ॥ স্থকুমার-অঙ্গা গুরুরূপ। শ্রীস্থন্দরী। এইমত তাঁ'র রূপ চিন্ত মন করি'॥ ১৮॥ শ্রীমন্ত্রগারত্রী দশবার জপ করি'। চিত্তে আপনার রূপ-গুণ যে মাধুরী॥ শ্রীগুরুচরণামুজরুপামৃতসিক্তা। কিশোরী গোপবনিতা ভূষণ-ভূষিতা॥ উচ্চকুচযুগ চতুঃষষ্টি-কলাম্বিতা। রক্তচিত্র-অন্তরীয় শুক্লাম্বরাবৃতা॥ স্বর্ণচিত্রারুণ-প্রান্ত-মুক্তা-সুকঞ্বুলী। কাশ্মীর-চন্দনাগুরু-চিত্র-অঙ্গাবলি॥ সেবাদ্রব্যনির্মাণকুশলা মৃত্রিস্মিতা। সেবেণৎস্থকা বিনয়াদি-সর্ব্বগুণযুতা॥ শ্রীরাধা-করুণার্থিনী সূচারুপদ্মিনী। রাধাকৃষ্ণ-স্থথামোদ-স্নচেষ্টাকারিণী॥ क्रस्थ भृष्णिया (श्रमानमिविसारिनी। নানারসকলালাপস্থাস্থশালিনী ॥

সঙ্গীত-সঞ্জাত-ভাবোল্লাসভরাম্বিতা। হেমকান্তি নিজস্থখগন্ধ-বিবৰ্জিতা॥ দিব্যরূপিণী দিবানিশি চিত্তমাঝে। রাধাক্ষপ্রেমভরাকুলা সদা রাজে॥ আপনাকে এইমত ভাবয়ে সতত। সাধক যে জন শুদ্ধভক্তি-মাৰ্গায়িত॥ ১৯॥ এই মত সিদ্ধরূপ স্মরণ করিয়া। বৃন্দাবন ধ্যান করে একচিত্ত হৈয়া॥ পরমানন্দর্বন শ্রীল-বুন্দাবন। ষ্ড়ঋতু-কুস্থমশোভিত অনুক্ষণ॥ নানাজাতি পক্ষিগণ-শব্দে স্থনাদিত। ভ্রমরঝন্ধারে দিশামুথ মুথরিত **॥** কালিন্দীর জলসঙ্গি-মারুতে সেবিত। নানাপুষ্পলতাবৃক্ষসমূহে মণ্ডিত॥ क्मनक्स्नाद्वादशन-शर्तारश धृमत । দৰ্কানন্দময় স্থান অতি মনোহর॥ তা'র মধ্যে রত্নভূমি স্থ্যাযুতসম। তা'র মধ্যে কল্পতরু চিন্তে মনোরম ॥ শুদ্ধপ্রেমামৃতবৃষ্টি-কারী অনুক্ষণ। মাণিক্যশিথরালম্বি মাঝে স্থশোভন॥ শ্রীমণিমণ্ডপ নানারত্বগণাচিত। সর্ব্ব-ঋতুস্থ সদা যা'তে বিরাজিত॥ নানারত্নে চিত্ত চিত্র-বিতান-শোভিত। শ্রীরত্বতোরণমালা গোপুরমণ্ডিত॥

্ৰ মাণিক্যাচ্ছাদন তাহে অদ্ভূত অন্বিত। দিবাস্বর্ণ-মুক্তা-তারহার-বিরাজিত॥ কোটিস্থ্যসমকান্তি অতি অদভুত। সর্বাদা যাহাতে ছয় তরঙ্গবিমুক্ত॥ তা'র মধ্যে রত্নান্বিত স্বর্ণ-সিংহাসন। অতি স্থমহৎ সর্ববিজগতমোহন ॥ २०॥ তা'র মধ্যে শ্রীরাধাকৃষ্ণকে ধ্যান করে। প্রথমেত ক্লফ্ষ্ণান কহি সারোদ্ধারে। পীতাম্বর ঘনগ্রাম দ্বিভুজ স্থন্দর। কণ্ঠে বনমালা তাহে গুঞ্জে মধুকর॥ শিথণ্ডি-শিথণ্ডচুড়া উপরে বিরাজে। শরদের কোটিশশি-সম মুথ রাজে॥ কমল নিন্দিয়া শোভে ঘূর্ণিত নয়ন। কর্ণিকার-পুষ্প অবতংস-বিভূষণ॥ **ठन्म**रनत विन्तूगारक कुकूरमंत विन्तू। তিলকরচনা ভালে আনন্দের সিকু॥ তরুণ আদিত্যতুল্য বিরাজে কুণ্ডল। কপোলে ঘর্মাম্ববিন্দু করে ঝলমল।। প্রিয়ামুখাপিতাপাঙ্গলীলাতে উন্নত। ভুরুষুপ কামের কোদণ্ড-বিনিন্দিত। উচ্চনাদা-অগ্রভাগে মুকুতা দোলয়। কুন্দকলিসম দন্তকান্তি বিরাজয়॥ পাকা विश्वकनिनि मधूत अथत । কেয়্রাঙ্গদ-মুদ্রিকা শোভে তুইকর॥

অধরে মুরলী, উরে নানা রত্নহার। মণিরাজ শ্রীকৌস্তভমণি শোভে আর॥ কাঞ্চীদাম মধ্যে শোভে, নূপুর চরণে। রতিকেলিরসাবেশ চপল ঈক্ষণে। আপনে হাসয়ে আর হাসায় প্রিয়ারে। ত্রিভঙ্গিমরূপে সর্ব্বজনমন হরে॥ বুন্দাবনে কল্পতরুতলে সিংহাসনে। প্রিয়াসহ কৃষ্ণচক্রে চিত্তে অনুক্ষণে॥ ২১॥ তাঁ'র বামপার্শ্বে স্থিতা চিন্তয়ে রাধিকা। মহাভাব-স্বরূপা শ্রীসর্ববগুণাধিকা॥ स्रुहीननीलवमना फुल-एमळा । পটে অদ্ধাবৃত স্মেরাননপক্ষজাভা ॥ কান্তমুখে গ্রস্ত চারুচকোর-লোচনা। নিজপ্রিয়মুখামুজে তামূল-অর্পণা॥ মুক্তাহার শোভে পীনোন্নতপয়োধরা। পृथुट्यां भी की नम्या कि कि नी त माना ॥ রত্বতাড়স্ককেযূরমুদ্রাদিধারিণী। কনকনূপুরশন্ধ-হংস্বিমোহিনী॥ পাদাঙ্গুলে রত্নাঙ্গুরী অতিশোভাকর। লাবণ্যের সার অঙ্গ কৃষ্ণমনোহর॥ চারু অবয়ব আনন্দরসেতে মগনা। কলাভিজ্ঞা স্থপ্রসন্না নবীনযৌবনা॥ এইমত রাধাকৃষ্ণ কল্পতকৃমূলে। রত্নসিংহাসনে ধ্যান করে কুতূহলে॥

হে বিপ্রেন্দ্র ! শ্রীরাধার যত স্থীগণ।
বায়োরপচাতুর্য্যাদি গুণাদিতে সম॥
চামরব্যজন তাম্থলাদি সাজাইয়া।
দোহার সেবন করে প্রেমে মগ্ন হৈয়া॥ ২২॥

* * * *

প্রধানাষ্ট্রদলে অষ্টললিতাদি-সথী। রাধারুষ্ণ-স্থামোদ-দেবানন্দে স্থী॥ সেবা-উপায়ন সবাকার পাণিতলে। বুন্দার সহিত যত্নে চিত্তে ধ্যান করে॥ শ্রীললিতা উত্তরে, ঈশানে বিশাথিকা। পূর্বে চিত্রা অগ্নিকোণে শোভে ইন্দুরেখা॥ যাম্যে চম্পকবল্লী, নৈঋতে রঙ্গদেবী। পশ্চিমে শ্রীতুঙ্গবিতা, বায়ব্যে স্থদেবী ॥ উত্তরদলেতে **শ্রীললিতা**-সখীবরা। গোরোচনাকান্তি শিখিপিঞ্ছনিভাম্বরা॥ শ্রীরাধিকা হৈতে সপ্তবিংশতি বাসর। জ্যেষ্ঠা, অঙ্গে নানারত্র-মণি-অলঙ্কার॥ মাতা শ্রীসারদী, তাঁ'র পিতা শ্রীবিশোক। সমঙ্গেহা নানাবিভাবিনোদ-পোষক॥ সবস্থীগণ হৈতে গুণেতে অধিকা। পতি ভৈরবনাম গোবর্দ্ধনস্থা॥ অনুরাধা খ্যাতি, বাম-প্রথরা-সভাব। কর্পূরতামূল-দেবা, খণ্ডিতা যে ভাব॥

ললিতানন্দদ কুঞ্জ, বিত্যুত্বরণ।
নানাদ্রুমলতা যা'তে বিবিধ কুস্কুম ॥
বিহো কলিযুগে শ্রীগোরাঙ্গ-অবতারে।
স্বরূপগোস্বামী বলিয়া থাতি ধরে॥
তাঁ'র অষ্ট্রস্থী রক্তপ্রভা, রতিকলা।
স্রভদ্রা, ভদ্ররেথিকা, শ্রীস্কুমুখী বরা॥
শ্রীধনিষ্ঠা, কলহংসী আর কলাপিনী।
বয়োরূপলাবণ্য-সকলগুণথনি॥ ক॥

তারাবলিবসনা শ্রীরাধাসমগুণা।
সমবয়া স্থচতুরা সমানভূষণা।
মদনস্থথদকুঞ্জ য়া'র মেঘবর্ণা॥
মাতা শ্রীদক্ষিণা য়া'র পিতা শ্রীপ্রাবন।
পতি সে 'বাহিক' নাম গোপ বিচক্ষণ।
বামমধা স্থান্ধিচন্দন-চারুসেবা।
স্বাধীনভর্তৃকাভাব, রসে মনোলোভা॥
কলিম্গে শ্রীগোরাঙ্গের পরিকর-মাঝে।
বিহো শ্রীল রামানন্দরায় খ্যাতি রাজে॥
মাধবী, মালতী, চক্ররেখিকা, কুঞ্জরী।
হরিণী, চপলা, স্থরভি, শুভাননা বলি'॥
এই অন্ট্রসথী য়া'র পর্মচতুরা।
রাধারুষ্ণ-সেবানন্দে সতত বিভোরা॥ খ।।

পূর্বদলে চিত্রা শোভে কাশ্মীর-গোরাঙ্গী।
কাচনিভাম্বরা রত্নভূষ।ভূষিতাঙ্গী॥
শ্রীঅভিসারিকাবস্থাপ্রাপ্তা মৃদ্ধী অতি।
সখীবরঃ হৈতে ন্যুন দিন ষড়বিংশতি॥
জননী 'চর্চিকা' পিতা 'চতুর' যে খ্যাতি।
শ্রীগোকুলে যাঁর হয় পীঠরনামা পতি॥
স্ফচিত্রানন্দদকুঞ্জ তুকুলসেবিনী।
শ্রীগোবিন্দানন্দ নাম গৌরভক্তে গণি॥
রসালিকা, তিলকিনী, শৌরসেনী আর।
স্থান্ধি, কামিনী, কামনগরী প্রচার॥
নাগরী, নাগবল্লিকা শ্রীচিত্রার সখী।
রাধারুষ্ণ-সেবানন্দে অহর্নিশ স্থখী॥ গ॥

অগ্নিকোণে ইন্দুরেখা হরিতালত্যতি।
দাড়িম্বকুস্থনসম বসনের ভাতি॥
অঙ্গে ঝলমল করে নানা আভরণ।
শ্রীরাধিকাবয়ঃ হৈতে ন্যুন তিন দিন॥
প্রোষিত্রভর্তৃকাবস্থা শ্রীবামপ্রথরা।
নৃত্য-সেবা নানারসকলাস্কচতুরা॥
পূর্ণেন্দু কুঞ্জের নাম অতি মনোহর।
খেত সব বৃক্ষলতা-দ্বিজ-মধুকর॥
গার মাতা 'বেলা' নাম পিতা 'শ্রীসাগর'।
গোকুলেতে পতি নাম হয় যে 'ত্রবিল'॥

কলিথ্নে গৌরাকের পরিকর-মাঝে।
'বস্থ রামানন্দ' নাম সর্বপ্তণে রাজে।
তুঙ্গভদ্রা, রসোত্ত্বলা, রঙ্গবাটী আর।
স্থমঙ্গলা, চিত্ররেখা, বিচিত্রাঙ্গী সার॥
মোদনী, মদনালসা এই অপ্ট্রস্থী।
ইন্দুরেখাসম রাধাক্বফ্থ-স্থেথ স্থখী॥ ঘ॥

দক্ষিণ দলেতে স্থিতি আচম্পক্লতা।

চাষপক্ষাম্বরা নানাভরণ-মন্তিতা॥

একদিন কনিষ্ঠা শ্রীগান্ধর্বিকা হৈতে।
বামমধ্যা প্রীতি যাঁর বাসকসজ্জাতে॥
শ্রীচামরসেরা, হেমামুজ কুঞ্জনাম।
মাতা যাঁর 'বাটিকা', পিতা হ'ন 'শ্রীআরাম'
বিশাখা-সমান গুণ-শক্তি অদত্ত।
'চপ্তাক্ষ' পতির নাম হয় যে নিশ্চিত॥
শিবানন্দ নাম খ্যাতি কলিযুগমাঝে।
গৌরান্ধের ভক্তসঙ্গে সতত বিরাজে॥
কুরঙ্গান্ধী, স্কচরিতা আর শ্রীমন্তলী।
শ্রীমণিকুগুলা চন্দ্রিকা চন্দ্রলতিকালি॥
কন্দুকান্ধী, স্কমন্দিরা এই অস্টস্থী।
শ্রীচম্পকলতার সঙ্গে সেবানন্দে স্থথী॥ ৪ ॥

নৈশ্বতি-দলেতে **রঙ্গদেবী** করে শোভা । পদ্মকিঞ্জকণন্তিপুঞ্জ-অঙ্গলোভা ॥ জবারাগাংশুক অঙ্গে ধারণ করয়।
উৎকন্তিতাভাবে প্রীতি, বামমধ্যা হয়॥
মণি-অলঙ্কার অঙ্গে করে ঝলমল।
নীলামুজকুঞ্জ শোভাপুঞ্জ মনোহর॥
সপ্তদিন ন্যূন বয়ঃ শ্রীরাধিকা হৈতে।
চম্পকলতার প্রায় গুণগণ যাতে॥
'করুণা' মাতার নাম, পিতা 'রঙ্গুসার'।
'বক্রেক্ষণ' নামে গোপ পতি হয় যাঁর॥
কলিবুগে গৌরাঙ্গের ভক্তগণ সঙ্গে।
শ্রীগোবিন্দ্রোষ নাম ভাসে প্রেমরঙ্গে॥
কলকণ্ঠী, শশিকলা, কমলা, মধুরা।
কন্দর্পস্থন্দরী, কামলতিকা, ইন্দিরা॥
শ্রীপ্রেমমঞ্জরী এই অন্তস্থী নাম।
রঙ্গদেবী-সমগুণ রসকলাধাম॥ চ॥

পশ্চিম-দলেতে তুর্জবিক্তা দথী রাজে।
কুলুমাচন্দনচন্দ্রনিন্দিকান্তি দাজে ॥
পাণ্ডুর-বরণ বস্ত্র দদা অঙ্গে ধরে।
নানারত্ব-অলঙ্কার অঙ্গে দীপ্তি করে॥
বিপ্রলক্ষাভাবে প্রীতি, দক্ষিণপ্রথরা।
নৃত্যগীতবাত্ব-দেবানন্দ-রদে ভরা॥
'শ্রীঅরুণামুজ' কুঞ্জনাম খ্যাতি যাঁর।
'মেধা' মাতা নাম পিতা 'পুষ্কর' গোপ যাঁর॥

'বালিশ' পতির নাম ঘাঁহার বিখ্যাত।
অষ্টাদশ দিব্যবিভাকলার সে নাথ॥
কলিযুগে শ্রীগোরাঙ্গ-ভক্তগণ-মাঝে।
'বক্রেশ্বর' নাম ঘাঁর নৃত্যরঙ্গে সাজে॥
মঞ্জুমেধা, স্থমধুরা, স্থমধ্যা যে আর।
মধুরেক্ষণা, তন্ত্রমধ্যা, মধুশুন্দা আর॥
গুণচ্ডা, বরাঙ্গদা এই অষ্ট্রসথী।
তৃঙ্গবিভাসম প্রেমানন্দরসে স্থথী॥ ছ॥

বায়ব্য-দলেতে ব্রীস্থদেবী বিরাজিত।
ভগ্নীসম বরোরপবস্তাদি-মণ্ডিত॥
'বক্রেক্ষণ' কনিষ্ঠ প্রাতা পতি হয় যাঁর।
কলহান্তরিতাবস্থা-ভাবে প্রীতি আর॥
শ্রীবামপ্রথরা জলসেবাপরায়ণা।
হরিদর্গ কুঞ্জনাম, সর্বস্তিণে পূর্ণা॥
বাস্থদেবঘোষ বলি' নাম স্থবিখ্যাত।
বিহররে গৌরাঙ্গের ভক্তগণ-সাথ॥
কাবেরী, চারুকবরী, স্থ কশিকা সথী।
মঞ্জুকেশী, হারহীরা, মহাহীরা লেথি॥
হারকঠী, মনোহরা এই অষ্টসথী।
শ্রীস্থদেবী-সঙ্গে সেবানন্দে সদা স্থথী॥ জ॥ ২৩॥

অনুঙ্গমঞ্জরী-আদি অষ্ট উপদলে। তবে যত্নে যূথের সহিতে ধ্যান করে॥ অনঙ্গমঞ্জরী, মধুমতা তাঁর বামে।
উত্তরের হুই দলে শোভে মনোরমে।
পূর্ব্ব হুই দলে বিমলা বামেতে ভামলা।
দক্ষিণ হুই দলে পালিকা আর যে মঙ্গলা।
পশ্চিমের হুই দলে ধন্তা শ্রীতারকা।
রূপবয়োবস্তগ্রণ-কলা সর্ব্বাধিকা।

তবে কিঞ্জ-নিকটেতে সদা যাঁর স্থিতি। সেবন-উৎস্কুকা চিন্তে নৰ্ম্মস্থীততি॥ উত্তরেতে নব গে,রোচনাসম গৌরী। প্রিরনর্মস্থী মৃখ্যা শ্রীরূপমঞ্জরী॥ শিথিপিঞ্জুল্যাম্বরা ভূষণে ভূষিতা। তামূলদেৱনা বামমধ্যাতেই স্থিতা॥ বয়ঃ ত্রয়োদশবর্ষ আর ছয় মাস। শ্রীললিতাকুঞ্জোত্তরে কুঞ্জ পরকাশ। 'শ্রীরূপোল্লাসাখ্য' কুঞ্জ নাম মনোহর। तानाविध मिन्निन करत यानमन ॥ গৌরাঙ্গের পরিকরে বিহরে সতত। শ্রীরূপগোস্বামী নাম প্রেমে উনমত॥ ঐশান্তেতে মজুলালী-মঞ্জরী স্থলরী। কিংশুককুসুমাম্বরা তপ্তহেমগৌরী॥ श्वर्ग-इस्नीनगिन-जृष्ण जृषिज। বস্ত্রদেবাপরায়ণা সেবাননে মতা ॥

সার্দ্ধ-ত্রয়োদশবর্ষ সপ্তদিন বয়:।
বাসমধ্যা-স্বভাবেতে সদা স্থিতি হয় ॥
বিশাখা-কুঞ্জের উত্তরেতে কুঞ্জ থাঁর।
লীলানন্দ নাম অলি করয়ে ঝক্ষার॥
শীগোরাঙ্গসঙ্গে বিহরয়ে নিরবধি।
শীলোকনাথ গোস্বামী প্রেমামৃতনিধি॥

পূর্বাদিক-কিঞ্জক্তেতে ত্রীরসমঞ্জরী।
হংসপক্ষবসনা চম্পককান্তি গৌরী॥
পূর্বিভূষণা, চিত্র-সেবামুরাগিণী।
বয়ংক্রম বাঁর ত্রয়োদশবর্ষ গণি॥
চিত্রাকুঞ্জ-পশ্চিমেতে কুঞ্জ হয় বাঁর।
বসানন্দ' নাম সর্ব্ব-শোভার ভাণ্ডার॥
বামামুদ্বীস্বভাবেতে সদা হয় স্থিতি।
গৌরাঙ্গ-নিকটে রঘুনাথভট্ট খ্যাতি॥

অগ্নিকোণেতে স্থিতি ব্রীরতিমঞ্জরী।
দামিনীদমনকান্তি, বস্ত্র তারাবলী॥
মণীক্রভূষণা পাদাস্থজ-স্থসেবিনী।
ত্রয়োদশবর্ষ হুই মাস বয়ঃ গণি॥
ইন্দ্রেথাকুঞ্জের দক্ষিণে যার কুঞ্জ।
দক্ষিণামৃদ্বিকা-স্বভাবেতে সদা স্থিতি।
গৌরাঙ্গ-নিকটে রঘুনাথদাস খ্যাতি॥

শ্রীগুণমঞ্জরী দক্ষিণেতে সদান্থিতি। জবাতুল্যবসনা তড়িতসম কান্তি॥ নানা-অলঙ্কারে শোভে, দক্ষিণপ্রথরা। বারিসেবাপরায়ণা, অতিমনোহরা॥ তেরবর্ষ-একমাস সাতাইশ দিন। পরিমাণ হয় যাঁর এই বয়:ক্রম॥ চম্পকলতার কুঞ্জ ঈশানকোণেতে। 'গুণানন্দপ্ৰদ' নাম অতি অদভূতে॥ গৌরাঙ্গের ভক্তমাঝে বিহরে সতত। শ্রীগোপালভট্ট নাম, গৌরপ্রেমে মত। নৈশ তকেশরে স্থিতি বিলাসমঞ্জরী। স্বর্ণকেতকীক জি অঙ্গের মাধুরী॥ চঞ্চরীকাম্বরা বামাস্থী-ভাবাশ্রিতা। নানামণি-অলঙ্কারে অঙ্গবিভৃষিতা। ত্রোদশবর্ষ ষড়্বিংশতি দিন বয়:। নাগজ-অঞ্জন-সেবাননে মগ্ন হয়॥ त्रकर प्रतीकू एक राम्हरम कू थाता। ্ বিলাসানন্দ নাম সর্বশোভা-সার॥ বিহরয়ে গৌরাঙ্গের ভক্তগণসাথ। শ্ৰীজীবগোস্বামী নাম জগতে বিখ্যাত ii পশ্চিম-কেশরে শোভে লবজমঞ্চরী। বিজুরীসমান কান্তি, বস্ত্র তারাবলী॥ मिवा भीनवन्याना, भगीन ज्या। দক্ষিণ-মৃদ্বিকা-ভাবে স্থিতি, বিচক্ষণা॥

বরঃ সার্দ্ধত্রবাদশবর্ষ একদিন।
তুলবিতাকুঞ্জ-পূর্বের কুঞ্জ স্প্রপ্রবীণ॥
'লবঙ্গস্থদ' নাম অতি মনোহরে।
নানাদ্বিজগণ শোভে গুঞ্জে মধুকরে॥
গৌরাজ-নিকটে বি হ সনাতন নাম।
প্রেম-ভক্তিরসামৃত-বিশ্রামের স্থান॥
বায়ুকোণে কেশরেতে কস্তুরীমঞ্জরী।
কনকসমানকান্তি কাচাম্বরধারী॥
মণীক্রমণ্ডনে যুক্তা শ্রীথণ্ডসেবনা।
বামামৃদ্বী ত্রোদশ্বর্ষ পরবীণা॥
গৌরাজ-নিকটে কৃষ্ণদাস কবিরাজ।
নাম যার বিলসরে ভকত-সমাজ॥

এই ক্রমে সব স্থীগণ ধ্যান করি'।

আপনার রূপগুণে আপনা বিসরি॥

সবার সঙ্গিনী হৈয়া, গুরু-আজ্ঞা লৈয়া।
রাধারুষ্ণ-সেবা করে স্থুমত্ন করিয়া॥ ২৪ँ॥

তবে মানসিকে রুষ্ণের করয়ে সেবন।

তার মত্ত্বে পাছগরূপুপ সমর্পণ॥

ধূপদীপ নানাবিধ নৈবেছ উত্তম।

আচমন, তান্থুলাদি করে নিবেদন॥

তবে শ্রীরাবিকার সেবা করে বিচক্ষণ॥

তার মত্ত্বে পাছাদিক করে সমর্পণ॥

প্রত্যেক সকল সখী পূজন করিয়া। আরাত্রিক করে তবে পুলকিত হৈয়া॥ এই মত অন্তঃপূজা করি' সমাপন। তবে বাহুপুজা করে সাধক যে জন॥ শ্রীগুরুদেবের মন্ত্র-গায়ল্রী জপিয়া। তবে শ্রীকৃষ্ণের মন্ত্র জপে হর্ষ হৈয়া॥ অষ্টোত্তর সহস্র বা অষ্টোত্তরশত বার। জপিয়া কামগায়ত্রী জপে দশবার॥ শ্রীরাধিকামন্ত্র অষ্টোতরশ্তবার। জপিয়া তাঁ'র গায়ত্রী জপয়ে দশবার॥ এই মত মন্ত্ৰ-গায়ত্ৰী জপি' একমনে। তবে জপ সমর্পণ করে সাবধানে॥ গুহাতিগুহ-গুপ্তার্থ মোর কৃত জপ। গ্রহণ করহ মন্ত্রচূড়ামণিরূপ॥ তোমাতেই স্থিত মন্ত্র, তোমার ক্বপাতে। সিদ্ধি হউক দেব, এ জপ স্বরিতে॥ ২৫॥ তবে ত বিজ্ঞপ্তি-স্তব করয়ে পঠন। মোসম পাপাত্মা নাহি, এ তিন ভুবন॥ মোর সম অপরাধী নাহি একজন। ক্ষমাইতে কি বলিব ? লজ্জা করে মন॥ हि शूक्राखांख्य ! जूमि किया नाहि जान ! যে উচিত হয়, তাহা কর ভগবান্॥ যুবতীজনের মন যুবা পুরুষেতে। যুবা পুরুষের মন যুবতীজনেতে॥

যেমত রময়ে সেইমত মোর মন। তুরারপে রমণ করুক অমুক্ষণ।। ভূমিতে স্থালিতপাদ ভূ-অবলম্বন। তোমাতে অপরাধ হৈলে তুমি সে শরণ॥ কবে শ্রীনমূনাতীরে তুরা নামাবলী। कैं र्टन कतिया नां िव कि कु जूर नी ॥ অশ্রুক্ত হৈয়া আমি হে কমলনেত্র! ভূমে গড়াগড়ি যাব পুলকিতগাত্র॥ ২৬॥ গোবিন্দবল্লভে রাধে! তোমাকে যে আমি। সদাই প্রার্থনা করি, শুন তাহা তুমি॥ ভোমার সহিত কৃষ্ণ করণ। অন্তরে। সর্বাথা তোমার বলি' জাতুক আমারে॥ হে রাধিকে! কবে গান-নৃত্য-কলা-শিক্ষা। শিখাইবে মোরে, আমি হব অতি দক্ষা॥ যাতে তুষ্ট হৈয়া হরি তোমার কিন্ধরী। বলি' মানিবেন মোরে অতি কুপা করি'॥ রাধে বৃন্দাবনেশ্বরি করুণাবাহিনি! निजनात पास पास राज्य पास कामी मानि'।। তোমার হইয়ে, আমি হইয়ে তোমার। তোমা বিনে ক্ষণমাত্র না বাঁচিব আর ॥ এ জানিয়া দেবি ! তুমি নিজপদতলে। আমাকে সত্তর লেহ করুণা-অন্তরে॥ ২৭॥ রাধাক্ষ-পদে এই করিয়া বিজ্ঞপ্তি। পঞ্চপত্ত পড়ে অতি করিয়া কাকুতি॥

হে রাধাগোবিন । পুত্রমিত্রগৃহাকুলে। পড়িয়াছি এই আমি সংসার-সাগরে॥ ইহা হৈতে রক্ষা মোরে কর তুইজন। 'প্রসন্ন-ভর্-ভঞ্জন' হয় তব নাম॥ যে আমি, আমার আছে যে কিছু স্থকৃত। ইহলোকে পরলোকে সব উপচিত॥ সে-সকল তোমার শ্রীচরণকমলে। সমর্পণ কৈলু আমি আনন্দ-অন্তরে॥ আমি অপরাধালয়, সাধনবিহীন। অগতির গতি মোর তুমি তুইজন॥ কর্ম্ম-মনোবচনেতে তোমার বে আমি। হে রাধিকানাথ! ইহা সত্য জান তুমি॥ কৃষ্ণকান্তে শ্রীরাধিকে! আমি যে তোমার। তোমা দোঁহা বিনে মোর গতি নাহি আর ॥ শরণ লইনু আমি দোঁহার চরণে। করণানিকরাকর সব লোকে জানে॥ তুষ্ট হৈয়া অপরাধী জনে কুপা কর। এ-সংসার-মহাত্রংখ হইতে উদ্ধার॥ দাস্তা মনে ইচ্ছা করি' যে ইহা পড়র। অচিরে তাঁহার দাস্তপদ প্রাপ্ত হয়॥ ২৮॥ তবে ত প্রসাদিগন্ধাদিকেতে করিয়া। শ্রীবৈষ্ণবগণে পূজে আন নিত হৈয়া ॥ কপিল-নারদ-ব্যাস-শুক-স্ত-মন্ত। প্রহ্লাদাম্বরীষ-হন্তমান্ প্রেমতন্ত্ ॥

বিভীষণাক্রুর-শ্রীউদ্ধব-মার্কণ্ডেয়। যুধিষ্ঠির-শ্রীযম-নেমি-ধ্রুব ভক্তিময়। ভীশ্ম-গয়-বলি-পৃথু-সনক বৈষ্ণব। আর যে বৈষ্ণব গাঁ'রা মহা-অনুভব ॥ শ্রীকৃষ্ণের নির্মাল্য কামদ সবে মেলি'। গ্রহণ করহ প্রেমানন্দে কুতৃহলী॥ ওঁকার-পূর্বাক চতুর্থান্ত নাম করি'। প্রসাদনৈবেত সমর্পয়ে করজোড়ি'। ২৯॥ তবে শ্রীতুলসীপূজা করে সাবধানে। প্রথমে ত পাগ্য-অর্ঘ্য-শ্রীথণ্ড-কুস্কুমে॥ धूल-मील-रेनरवर्णामि व्याठमन मिया। তবে নীরাজন করে প্রেমযুক্ত হৈয়া॥ "শ্রীতুলস্থৈ নমঃ" এই করি' উচ্চারণ। তুলসীকে অর্ঘাদিক করে সমর্পণ॥ তোমাকে দেবতাগণ করিল প্রকাশ। তোমাকে পূজয়ে স্থরাস্থর মহোল্লাস ॥ হে তুলি । পাপসব হর যে আ্মার। এ পূজা গ্রহণ কর, করেঁ। নমস্কার॥ প্রসাদজননি ! নমঃ সৌভাগ্যবর্দ্ধিনি। আধি-ব্যাধি-হারিণি শ্রীতুলসি মোহিনি॥ "নমো নমঃ" বলি' স্তুতি করে নিরন্তর। প্রার্থনা করয়ে তবে আনন্দ-অন্তর ॥ শ্রীয়শঃ-কীর্ত্তি-আয়ুঃ-সুথ-পুষ্টি-বল-। ধর্মাদিক দেহ শ্রীতুলসি! কুপা কর॥

এইমত মহামতি প্রার্থনা করিয়া।
প্রবিৎ শ্রীগুর্ক্ষাদি-ক্রমেতে করিয়া।
প্রবিৎ শ্রীগুর্ক্ষাদি-ক্রমেতে করিয়া।
প্রবাদ-স্তবন করে আনন্দিত হৈয়া।
এই প্রাতঃক্বত্য কিছু করিল বর্ণন।
যাহার শ্রবণে হয় আনন্দিত মন।
শ্রীগুরুচরণাশ্রিত দীন ক্রফদাস।
সাধনামৃতচন্দ্রিকা করিল প্রকাশ। ৩০॥
ইতি শ্রীসাধনামৃতচন্দ্রিকারাং দ্বিতীয়ঃ প্রকাশ:।

[তৃতীয়ঃ প্রকাশঃ] পূর্বাহুকুত্য

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্ত নিত্যানন। জয়াদৈতচক্র জয় গৌরভক্তবৃন্দ।। জয় জয় শ্রীরাধাগোবিন্দ গোপীনাথ। জর রাধামদনমোহন প্রোণনাথ॥ জয় বৃন্দাবনস্থরতক্তলস্থিতি। কোটি কোটি মনম্থম্থন-মূরতি॥ জয় জয় ভক্তবৃন্দ, কুপা কর মোরে। শ্রীচরণামুজরজ দেহ মোর শিরে॥ দত্তে তৃণ ধরি' মুঞি করেঁ। নিবেদন। রাধাক্ষণীলামৃতে ডুবু মোর মন॥ পূর্ব্বাহ্নের ক্নত্য এবে করিয়ে লিখন। প্রথমে গৌরাঙ্গলীলা করিবে স্মরণ॥ স্থাসঙ্গে শ্রীকুষ্ণের বনেতে গমন। তাহাতে ব্যাকুল সব ব্ৰজবাসী জন ॥ म नीना अत्र कति' भोतां अञ्चलत । তদন্তকরণ-লীলা করে মনোহর॥ ভক্তবৃন্দ-মধ্যে নানাভাবে বিভৃষিত। অশ্র-কম্প-স্তন্ত সর্ব্য-অঙ্গ রোমাঞ্চিত॥ এমন শ্রীগৌরচন্দ্র ভক্তগণ-সঙ্গে। সেবন করিব আমি আনন্দতরঙ্গে॥ ১॥ তবে ত শ্রীকৃষ্ণলীলা করিবে স্মরণ। যাহার স্মরণে ভক্তের ঝুরে তুনয়ন॥ গোপবেশ ধরি' ক্লফ্ড সঙ্গে স্থাগণ। ধেরুরুন্দ অগ্রে করি' যায় বৃন্দাবন॥

সর্ব্ব ব্রজবাসিজন ব্যাকুল স্নেহেতে। কিছু নাহি বলে, সবে চলয়ে পশ্চাতে॥ মাতাপিতা-পদে ক্বম্ভ করি' নমস্বার। নেত্রকোণে প্রিয়াগণে করয়ে সংকার॥ যথাযোগ্য সবাকারে করিয়া সন্মান। গৃহেতে পাঠাঞা বনে যায় স্মভিরাম॥ স্থাগণ-সঙ্গে বনে প্রবেশ করিয়া। ক্ষণমাত্র নানাক্রীড়া করে হর্ষ হৈয়া॥ তা-সবাকে বঞ্চনা করিয়া ক্লফচন্দ্র। ত্ই তিন স্থাসঙ্গে আনন্দের কন্দ॥ প্রিয়াসন্দর্শনোৎস্থক আনন্দ-অন্তরে। সঙ্কেত-কুঞ্জেতে যায় কত ভাবভরে॥ ক্ষচন্দ্র বনে গেলে তবে শ্রীরাধিকা। তাঁ'রে দেখি' গৃহে যায় প্রেমভরাধিকা॥ স্থ্যপূজাব্যাজে পুষ্প উঠাইতে বনে। গমন করয়ে তবে স্থীগণ-সনে॥ পূর্কায়ের কৃত্য এই করিল বর্ণন। যাহার প্রবণে ভক্তের জুড়ায় শ্রবণ॥ শ্রীগুরুচরণাশ্রিত দীন ক্লফদাস। সাধনামৃতচন্দ্রিকা করিল প্রকাশ॥ २॥

ইতি শ্রীদাধনামৃতচন্দ্রিকায়াং তৃতীয়ঃ প্রকাশঃ।

[চতুর্থঃ প্রকাশঃ]

মধ্যা ক্রকুত্য

জয় জয় গুরুদেব-চরণকমল। যাঁহার স্মরণে নাশে সব অমঙ্গল।। জब जब भी तहन भहीत नमन। জয় নিত্যানন্দতন্ন অদ্বৈতজীবন॥ জয় গদাধর-প্রাণনাথ বিশ্বন্তর জয় শ্রীবাসাদি ভক্তগণের ঈশ্বর॥ জর জয় মহাপ্রভু শ্রীক্লফটেত । কলিযুগপাবনাবতার ধন্ত ধন্ত॥ ভক্তগণ-সঙ্গে তোমার নদীয়া-বিহার। নিরন্তর হৃদয়েতে স্ফুরুক আমার॥ জন্ন জন্ন প্রীকৃষ্ণচৈত্র নিত্যানন। জয় হৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ। জয় জয় শ্রীরাধাগোবিন্দ গোপীনাথ। का ताथायनत्याहन প्राणनाथ॥ জয় বৃন্দাবনস্থরতক্তলস্থিতি। কোটি কোটি মনমথমথন-মূরতি॥ জয় জয় ভক্তবৃন্দ, কুপা কর মোরে। শ্রীচরণামুজরজ দেহ মোর শিরে॥ नछ ত्व ধরি' মুঞি করেঁ। নিবেদন। রাধাক্ষণীলামৃতে ছুবু মোর মন॥

এবে কহি মধ্যাহ্নের ক্নত্য মনোহর। যাহার প্রবণে ভক্তের আনন্দ-অন্তর ॥ মন্ত্রাদিক-স্নানমধ্যে করে এক স্নান। শ্রীহরিভক্তিবিলাসে তাহার প্রমাণ॥ মন্ত্র-ক্ষিতি-অগ্নি-বায়ু দিব্যস্নান আর। বারুণ-মানস-স্নান—এ সপ্ত প্রকার॥ মন্ত্রপূত জলদারা হয় যেই স্নান। সে স্নানের নাম 'মান্ত্র' স্নান যে প্রধান॥ 'মৃত্তিকালন্তন' তারে কহিয়ে পার্থিব। 'আগ্নেয়' ভস্মেতে যাতে লিপ্ত অঙ্গ সব॥ গোরজেতে স্নান তারে কহি 'বায়ুস্নান'। আতপ-বৃষ্টিতে স্নান 'দিব্যস্নান' নাম।। নতাদিতে যেই স্নান 'বারুণ' আখ্যান। মনেতে শ্ৰীকৃষ্ণধ্যান 'মানস-স্থ্ৰশ্ন'॥ কাল-দেশ-অপেক্ষাতে তুর্বল শরীর। সর্বাসানে তুল্যফল কহে পরাশার॥ সর্বস্নান মধ্যে মানসিক যেই স্নান। মন্বাদিসম্মত সেই পর্মপ্রধান॥ সপ্তসান-মধ্যে একমত স্নান কৈলে। শুন দ্বিজবর ! গৃহী মুক্ত হয় হেলে॥ ক॥

তবে পূর্ব্বমত সব পূজার সম্ভারে। শ্রীগুর্বাদিক্রমে পূজা-পাঠাদিক করে॥

আগমেতে যে প্রকার মধ্যাহের ধ্যান। সাধক তেমত ধ্যান করে সাবধান। एकमिक देश्या तुम्लावनत्क हिन्स । নানাবিধ ক্রমে ভূমি স্থশীতল হয়॥ প্রকট সৌরভ্য উদ্গলিত মকরন। বিকসিত পুষ্প, নবপল্লবের বৃন্দ।। তাতে নমু হৈয়া রহে যা'র শাথাবলি। প্রাফুল নবমঞ্জরীবলিত-বল্লরী ॥ ১॥ বিকাশি স্থমনোরসাস্বাদন-মঞ্জু। শিলীমুথ-ঝঙ্কারেতে মুথরিতান্তর ॥ কপোত-শুক-শারিকা-কোকিলাদিগণ। শব্দে কোলাহল, শিথিনৃত্য মনোরম॥ २॥ यम्मात हक्ष्ममहती विमू जम । বিকাশি-পঙ্কজরজচয়েতে ধূসর॥ প্রদীপিত-মনোভব ব্রজনারীগণ। বসন নাচানকারী সেবিত প্রন ॥ ৩॥ তা'র মধ্যে ধাান করে কল্পতরুবর। প্রবাল-নবপল্লব মরকতদল॥ বজ্র-মুক্তাপ্রকর কোরক হয় না'র। পদারাগ নানাবিধ ফল শোভে আর ॥ বসন্তাদি ছয় ঋতু সতত সেবিত। স্থূলতর উচ্চ সর্বকামদ অদ্ভত॥ ৪॥ অমৃতের বিন্দু বর্ষে কল্পতরুবর। তা'র তলে চিন্তে স্বর্ণস্থলী মনোহর ॥

স্থহেমশিথরাবলি হৈতে সমুদিত। ভারুসম তেজঃপুঞ্জ অতি প্রকাশিত ॥ প্রকাশিত পদ্মরাগাদিক মণিগণ। তাহাতে কুটিম বদ্ধ অতি মনোরম।। কুস্থমপরাগপুঞ্জোজ্জন অতিশয়। यांशांत स्रात्रा विष्ठत्र मृत श्र ॥ ॥ ॥ कनकञ्चनीत मधा खुत्रकूषिम। উপরে মহিষ্ঠ যোগপীঠ মনোরম॥ তত্বপরি অষ্টপত্র অরুণকমল। উদিত রবির কান্তি অরুণ নির্মান॥ চিন্ত' মন করি' তাঁক বরাটক-মাঝে। স্থথেতে নিবিষ্ট রাধাগোবিন্দ বিরাজে॥ ইন্দ্রনীলমণি আর দলিতঅঞ্জন। নীলোৎপলদল কিয়ে তনু খ্রামঘন॥ সিশ্বনীল ঘন স্থকুঞ্চিত কেশজাল। চূড়াতে ময়ূরপুচ্ছ শোভা করে ভাল॥ ৬॥ ভ্রমরা-দেবিত পারিজাত পুষ্পোত্তংস। रिकह-नवीरना ११न कर्न-अव छ ।। চঞ্চল অলক ভালতল প্রদীপিত। রোচনা-তিলক ভুরুলতা উচ্ছলিত॥ १॥ আপূর্ণ শারদশশি-বিশ্বকান্তানন। বিশাল কমলপত্ৰ জিনি' হু'নয়ন ॥ কর্ণে শোভে নানারত্ব মকর-কুণ্ডল। कां खिनीथ গण्यम मूक्त উष्क्रन॥

উচ্চ চারু নাসাগ্রে মুকুতা স্থশোভিত। তাহা দেখি' যুবতীর চিত্ত উন্মত॥ ৮॥ সিন্দুর হইতে চারু অরুণ অধর। हेन्नू-कून-निन्नि यमहाश यत्नाह्त ॥ বনের প্রবালপুষ্পচয়েতে রচিত। মনোহর হার কম্বুকণ্ঠে বিভূষিত॥ ॥॥ মন্ত মধুকরালম্বি মন্দারের দাম। তাতে অলম্কৃত তুই স্কন্ধ অভিরাম॥ হারাবলি-ভগণ-রাজিত পীন উরঃ-। ব্যোমস্থলে ললিত কৌস্তুভ ভান্থবর ॥ ১০ ॥ শ্রীবৎসলক্ষণ-সুলক্ষিত্ উন্নতাংস। পীন স্থবর্ত্ত্র জানু বাহুর বিলাস।। বন্ধুর উদর, সুগভীর নাভি সাজে। ভূঙ্গাঙ্গনানিকর মঞ্জুল রোম রাজে॥ ১১॥ নানামণি-বিনিশ্মিত অঙ্গদ, কঙ্কণ। অঙ্গুরীয়, গ্রৈবেয় আর শোভে স্থরসন॥ সুবর্ণ-নূপুর, কটিসূত্র, তুন্দবন্ধ। পীতবপ্ত্র-পরিবৃত নিতম্ব স্থছন ॥ ১২॥ দিব্য-অঙ্গরাগ-বিলেপিত সর্বব অঙ্গ। চারু জারু স্থবর্ত্ত্র ন মনোহর জঙ্ঘ ॥ কান্তোরতপ্রপদ-নিন্দিতকূর্শ্মকান্তি। योगिकामर्रिगरणोजा रदत नथनः कि॥ শ্রীঅঙ্গুলিদল-সুরুচির পাদপদা। অরুণিত শ্রীচরণতল-শোভাসন্ম॥ ১৩॥

অজ-বজ্র-মৎস্থাকুশ-কেতু-ছত্র-দর।
ধন্নক-গোম্পদ-যব-ত্রিকোণ-অম্বর।।
ইত্যাদি লক্ষণে পাদামুজ স্থলক্ষিত।
ভক্তগণ-চিত্ত-মধ্যে সর্বাদা উদিত॥
লাবণ্যের সাররাশি-নির্ম্মিত শ্রীঅঙ্গ।
কন্দর্পাঙ্গকান্তিনিন্দি সৌন্দর্যাতরঙ্গ। * ১৪॥

তাঁর বামে চিন্তা মন করয়ে রাধিকা।
সর্ব্বশক্তিবরীয়সী সর্বব্দুণাধিকা॥
গোরোচনাচম্পকদামিনা-নিন্দি কান্তি।
নবীনজলদপুঞ্জ বসনের ভাতি॥
ফণিনিন্দি বেণী আগে শোভে মণিগুচ্ছ।
শরদের কোটিশশি-জিনি মুথ স্বচ্ছ॥
মাধবীর দল কিবা ললাট-স্থন্দর।
কুটিল কুস্তল তাহা চঞ্চল ভ্রমর॥

* আদর্শ পুঁ থিত্রয়েই এইস্থলে মূল শ্লোকের তাৎপর্যার্থ লিখিত হয় নাই
অথচ শ্রীরাধার মহিমাবাঞ্জক কয়েকটি পয়ার বিশ্বস্ত হইয়াছে। স্কৃতরাং
আদর্শ পুস্তকে না থাকিলেও মূল শ্লোকটির বথাবথ অনুবাদ নিম্নে প্রদত্ত
হইল—

স্থসমূদ্র শ্রীক্ষণ্টন্দ্র স্বকীয় বদনকমলমধু-দারা পরিপূর্ণ বংশীর ছিদ্রসমূহে করাঙ্গুলিসমূহ চালন করত যে দিব্যরাগরাগিণী প্রকটিত করিতেছেন, তাহাতে যাবতীয় প্রাণীর সন্তানসন্ততিই দ্রবীভূত ও সমাক্ষণ্ট হইতেছে।

সিন্দুরের বিন্দু শোভে অতি মনোরম। ভুরুবুগ কামচাপ বিঁধে ক্লম্ভ-মর্ম্ম॥ চকোর-থঞ্জন-গর্ব্ব কর্য্যে ভঞ্জন। অঞ্জনে রঞ্জন শোভা করে হু'নয়ন॥ সী থিপাটে চূড়ামণি কর্ণেতে কুণ্ডল। নাসাগ্রেতে গজমুক্তা দোলে সমুজ্জন॥ व्यथत वाक्नुनोवक्त, तम कुन्मकि। চিবুকে কস্তুরীবিন্দু যেন শোভে অলি॥ জাম্নদ-কম্বুকণ্ঠ ত্রিরেখা-বলিত। বিশ্বতাল-ফলনিন্দি কুচ বিরাজিত ॥ রক্তবর্ণ কঞ্চুলিকা তাহার উপরে। নানারত্ব-মুক্তাহার পদকাদি দোলে॥ কনকমৃণাল কিয়ে ভুজ্যুগ-শোভা। অঙ্গদ-কঙ্কণ-চূড়ি তাহে মনোলোভা ॥ अङ्गुल अङ्गुती नथमिन अनमन। সৌভাগ্যাদি-রেথাযুক্ত শ্রীকরকমল॥ জিতচলদলোদর স্থাসরোবর। নাভিপদ্ম, রোমরাজি রাজে মধুকর॥ ত্রিবলি-ললিত অতি নিতম্ব স্থভাল। ক্লাকটিতটে নটী কিঙ্কিণীর জাল।। স্বর্ণরন্তা উক্, জান্ত সম্পুটের সম। জ্জ্বানাল, চরণকমল অমুপম।। হংসক-নূপুর তাহে অতি মনোহর। অঙ্গুলে অঙ্গুরী, নথচন্দ্র ঝলমল ॥

শঙ্খ, চক্রাঙ্কুশ, বেদী, পর্বত, কমল। গদা, শক্তি, মীন, ছত্র, বল্লী, সুকুওল। ইত্যাদি লক্ষণে স্থলক্ষিত পদতল। যাবকেতে অরুণিত সুগির শীতল।। সৌন্দর্য্যের লক্ষ্মী প্রতি-অঙ্গ সেবা করে। মাধুধ্যের সার সর্বব অঙ্গেতে বিহরে॥ সর্ব্ব-অঙ্গ হৈতে লাবণ্যের ধারা বহে। মন্দির্যামৃতে ক্লেরে চিত্তবৃত্তি মোহে। এইরপে জীরাধিকা-রূপ করি' খ্যান। স্থীগণ ধ্যান তবে করে সাবধান॥ ১৫॥ স্থললিত গোপনারীশ্রেণী চতুদ্দিকে। রাধাক্ষ-অভিমত সেবা করে রাগে (রঙ্গে)॥ বিস্তার নিবিড়তর নিতম্ব স্থানর। গুরু কুচভার অবলগ্ন রুশতর ॥ ত্রিবলিতরঙ্গ-শোভা রোমশ্রেণী আর। ১৬॥ বেণুনাদায়তে জাত কন্দর্পবিকার॥ সবার অঙ্গেতে রোমোদ্গম অলঙ্কত। বিবিধ অদ্ভুত ভাবাবলিতে ভৃষিত ॥ ১৭॥ শীকৃষ্ণের মন্দহাশ্তকৌমুদী স্থন্দর। তা'তে উচ্চলিত অনুরাগ-রত্নাকর॥ তাহার যে তরল তরঙ্গ বিন্দু বিন্দু। বর্শ্মজলছলে শোভা করে মুখ-ইন্দু॥ ১৮॥ তাঁহার ললিত ভুরু-ধনুক হইতে। শাণিত কটাক্ষ-কামবাণ-বৃষ্টি তা'তে॥

. দলিত সকল মর্মা বিহ্বলাঙ্গ-ততি। বিস্তার তুঃসহ কম্পতরঙ্গ-সন্ততি ॥ ১৯ ॥ তাঁ'র কমনীয় রূপশোভামৃতর্ম-। পান-বিধানেতে শোভে নয়ন-লালস॥ প্রণয়-সলিলপূর-বাহিনী সতত। অলস-বলিত লোল নেত্রামুজ মন্ত ॥ २०॥ বিগলিত কবরীকলাপ-সুকুসুম-। भत्रत्म डेग्रंड मधुकत मत्नात्म ॥ মদন-উন্মাদ মদ-স্থালিত বচন। কান্ত-কর্ণ-মন হরে অতি মনোরম॥ कांकी-नोवि-वक्त भ्रंथ होनां एक देशक। নিতম্বের কান্তি বাহে প্রকট অদ্ভুতে॥ ২১॥ স্থালিত ললিত পদ-কমল চলিত। মণি-নূপুরের ধ্বনি দিশা স্থপূরিত॥ हक्षन व्यथतमन नय्नक्मन। কিঞ্চিৎ মুদ্রিত শোভে পলক স্থানর॥ ২২॥ উল্লসিত শ্রীকুণ্ডল-শোভা গণ্ডস্থলে। শ্রীওর্চ-পল্লব মান দীর্ঘ-শ্বাস-ভরে॥ নানা উপায়ন-বিলসিত করামুজে। সতত সেবয়ে চতুদ্দিকে স্থীসাজে॥ ২৩॥ শ্রীক্লফের মুখামুজ হৈতে বিগলিত। মকরন্দ-রসাস্বাদ করে অবিরত॥ নানারত্বহার পুষ্পমালা গলে শোহে। নানাবিধ বিনোদে ক্লফের মন মোহে॥

স্বার আয়ত লোল নয়নক্মল-। মালাতে পূজয়ে কৃষ্ণমুখবিধুবর ॥ ২৪॥ এইমত ধ্যান করি' মানসোপচারে। পাত্তঅর্ঘ্য-নৈবেতাদি নিবেদন করে॥ তবে বাহ্যে নানাবিধ পকান্ন-ব্যঞ্জন। দ্ধি, ত্র্প্প, শিখরিণী, স্থতসিক্ত অন ॥ মূলমন্ত্রে শ্রীকৃষ্ণেরে করি' সমর্পণ। দার দিয়া বাহিরেতে করয়ে চিন্তন ॥ ধ্যান করি' ভোজনের বিজ্ঞপ্তি পড়য়। কাকুতি করিয়া তুই কর জুড়ি' কয়॥ যজ্ঞপত্নী-অন্নে আধু বিতুরের অন্নে। ব্রজে ধেরুগণ-দধি-ক্ষীর-আস্বাদনে॥ দিজ সথা স্থদামের চিপিট-ভক্ষণে। ব্ৰজরাণী শ্রীযশোদাস্তনামৃত-পানে॥ শ্রীব্রজযুবতি-দত্ত মধু-আস্বাদনে। जुष्टे देश कृष्ण जांश कत्र श्राहण ॥ সে সব আস্বাদে হৈল যে স্থখ তোমার। তৈমনি এ উপহার কর অঙ্গীকার॥ যে প্রীতি পাইলে, কৃষ্ণ ! বিহুর-অর্পণে। কুন্তীর অর্পিতে, অন্নকৃটে গোবর্দ্ধনে॥ চিপিট-ভক্ষণে আর যশোদার স্তনে। ভরদ্বাজ-সমর্পিতে, শবরিকা-দানে॥ ব্রজযুবতির শ্রীঅধরামৃত-পানে। মুনিভাবিনীগণের নিবেদিত অরে॥

প্রীতি করি' এ-সকল করিলে ভোজন। তেমনি এ উপহার কর আস্বাদন ॥ হস্ত তালি দিয়া দ্বার যুচাইয়া খীরে। আচমন দিয়া তামূল নিবেদন করে॥ তবে রাজ-উপচারে আরতি করিয়া। ফিরায় সজল-শঙ্খ আনন্দিত হৈয়া।। অমূল্য-শ্যাতে প্রভুকে করাঞা শয়ন। দ্বারেতে কপাট দিয়া করয়ে গমন॥ বাহিরেতে শুদ্ধাসনে বসি' পূর্ববমুথে। নিজ ইষ্টমন্ত্র-জপ করে অতি স্থথে॥ ২৫॥ মধ্যাহ্নের লীলা তবে করয়ে স্মরণ। গৌরাঙ্গের তদ্তাবাঢ্য-লীলা অনুপম॥ স্থীসহ শ্রীরাধিকা ক্ষেরে যে नीन।। স্মরণ করিয়া মধ্যাক্তের নানা থেলা। ব্যক্ত করি' কহে করে সে অমুকরণ। ভক্তগণ-মধ্যে নানা ভাব-বিভূষণ॥ মহাভাব-রসময়-মূর্ত্তি অদভূত। হেন শচীস্তত প্রভু ভজ মরিত॥ ২৬॥

এই মত মধ্যাহ্নতে শ্রীরাধাগোবিন । অতি বত্নে মিলিয়া পাইল পরানন ॥ বনমধ্যে সখীগণ-সঙ্গে তৃহঁ জন। বিবিধ প্রকার ক্রীড়া করে অমুক্ষণ।

